নব আনন্দে জাগো আজি নবরবিকিরণে...

# মিলন মেলা

## তৃতীয় সংখ্যা, ২০১৩

পরিচালনায় ঃ




## বাজকুল ইউনাইটেড ফোরাম

(একটি স্বেচ্ছাসেবী সংস্থা)

রেজিঃ নং-এস/১এল/৮৬৭৫৭, তেঠিবাড়ী, কিসমত বাজকুল, পূর্ব মেদিনীপুর
*E-mail : bajkul_unitedforum@rediffmail.com*

মিলন মেলার সাফল্য কামনায়...

অর্থনৈতিক উন্নয়ন ও স্বনির্ভরতায়

৬৭ বছরের ধারাবাহিকতা-

# কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ

হেড অফিস- কাঁথি ● পূর্ব মেদিনীপুর ● পিন- ৭২১৪০১

দূরভাষ ঃ (০৩২২০) ২৫৫-০২৩/২৫৫-১৮০/২৫৫-৫৩৬ ● ফ্যাক্স ঃ (০৩২২০)-২৫৯২৯২/২৫৪১৮৯

ho@ccbl.in/ccbltd@gmx.de http://www.ccbl.in

## অগ্রগতি ও আস্থার অনন্য নজির

৩১/০৩/২০০৯-এ ৩৭০.০০ কোটি টাকা থেকে বেড়ে
৩০/০৯/২০১৩-এ আমানত দাঁড়িয়েছে ৭১২ কোটি টাকায়।

**শাখা সমূহ**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কাঁথি প্রধান- | (০৩২২০) ২৫৫০২৩ | হেঁড়িয়া- | (০৩২২০) ২৭৬২১০ | পাঁশকুড়া- | (০৩২২৮) ২৫২৩২৩ |
| | (০৩২২০) ২৫৫১৮০ | মঙ্গলামাড়ো- | (০৩২২০) ২৪৯২২২ | নন্দকুমার- | (০৩২২৮) ২৭৫৩৩৪ |
| | (০৩২২০) ২৫৫৫৩৬ | বেলদা- | (০৩২২৯) ২৫৫২৩৯ | বাড়বড়িষা- | (০৩২২৮) ২৫৬৩৭১ |
| রামনগর- | (০৩২২০) ২৬৪২৫১ | দুর্গাচক- | (০৩২২৪) ২৭৪১৯৬ | বড়বাজার- | (০৩৩) ৬৫৩৫৫৬৭৮ |
| এগরা- | (০৩২২০) ২৪৪২৩৪ | মহিষাদল- | (০৩২২৪) ২৪০২৪৯ | | (০৩৩) ২২৫৭০০০৮ |
| | (০৩২২০) ২৪৫৮৯২ | নন্দীগ্রাম- | (০৩২২৪) ২৩২৩১৮ | চন্দ্রকোনা রোড- | (০৩২২৭) ২৮২৩৩৩ |



কোলকাতায় ব্যাঙ্কের নিজস্ব

## ওয়েলফেয়ার হোম

বুকিং হেড অফিসসহ সমস্ত শাখা মারফৎ

শ্রী সুবিমল মাইতি, সম্পাদক     শ্রী চন্দন কুমার সিন্‌হা, সহ-সভাপতি     শ্রী শুভেন্দু অধিকারী (সাংসদ), সভাপতি

# শ্রদ্ধাঞ্জলি

**বাজকুল ইউনাইটেড ফোরাম এর ত্রি-বার্ষিকি মিলন মেলার সকল সদস্যগণ শ্রদ্ধাঞ্জলি অর্পণ করছি.....**


দেশে বিদেশে সেই সকল মহান জ্ঞানী ও গুণী মানুষ অমৃতলোকে গমন করেছেন, তাদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করছি।

স্বাধীনোত্তর ভারতবর্ষে গণতান্ত্রিক অধিকার রক্ষার আন্দোলনে অংশগ্রহণ করে যারা আত্মবলিদান করেছেন; তাদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করছে।

এই মিলন মেলা প্রাকৃতিক বিপর্যয়ে নিহত এবং সাম্প্রদায়িক, রাজনৈতিক হানাহানি এবং দুর্ঘটনায় যাঁরা প্রাণ হারিয়েছেন, তাদের প্রতি গভীর শোক ও তাদের পরিবারবর্গের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি।


স্মরণ করি উল্লেখযোগ্য স্বদেশ সাধক, সমাজসেবী, রাজনীতিবিদ, দার্শনিক, বিজ্ঞানী, সাহিত্যিক, সঙ্গীত শিল্পী, চিত্র তারকা, খেলোয়াড়দের......

সকল প্রয়াত মহৎপ্রাণের বিদেহী আত্মার শান্তির কামনা করি।



# কৃতজ্ঞতা স্বীকার

মাননীয় শ্রীযুত শিশির অধিকারী-সাংসদ, *প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী,* শ্রীশুভেন্দু অধিকারী-*সাংসদ,* শ্রী দিব্যেন্দু অধিকারী-*বিধায়ক,* শ্রী সমরেশ দাস- *বিধায়ক,* শ্রীমতি মধুরিমা মণ্ডল,-*সভাধিপতি, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ,* ডঃ অনিন্দ্য কিশোর ভৌমিক -*প্রাক্তন অধ্যক্ষ,* ডঃ সত্যনারায়ণ সাউ, *ভারপ্রাপ্ত অধ্যক্ষ,* শ্রী সৌমেন্দু অধিকারী-*পৌরপিতা,* জনাব আফজল হোসেন-*সচিব, এগরা,* শ্রী উমাশংকর দাস-*বি.ডি.ও, ভগবানপুর-১ ব্লক,* শ্রী কার্ত্তিক ব্যানার্জী- *সভাপতি, বিবেক,* রাজা মজুমদার-*সমাজসেবী,* শ্রীমতি কাজল বর্মণ- *সভাপতি, ভগবানপুর-২ পঞ্চায়েত সমিতি,* শ্রীমতি স্মৃতিকণা মণ্ডল-*প্রধান, গড়বাড়ী-২ গ্রাম পঞ্চায়েত,* শ্রী চন্দন প্রধান-*প্রধান, কাজলাগড় গ্রাম পঞ্চায়েত,* শ্রী জন্মেঞ্জয় দাস-*প্রধান, গড়বাড়ী-১ গ্রাম পঞ্চায়েত,* দমকল বাহিনী, কাঁথি, কাঁথি পৌরসভা, কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, মুগবেড়িয়া সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, সংবাদ প্রতিদিন, দৈনিক চেতনা, আনন্দ বাজার পত্রিকা, ভগবানপুর থানা, বাজকুল মিলনী মহাবিদ্যালয় কর্তৃপক্ষ, বিদ্যুৎ দপ্ত, TATA Motors, BSNLকর্তৃপক্ষ, Adualite, এগরা নিয়ন্ত্রিত বাজার সমিতি, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ, ছাত্র সংসদ বাজকুল মিলনী মহাবিদ্যালয়, আলো এবং মাইক, প্যাণ্ডেল, সমস্ত বিজ্ঞাপন দাতা, ব্যবসায়ী, শিক্ষা, মোনালিসা ডি.টি.পি. সেন্টার, বন্ধুগণ এবং অনান্য অনেক শুভানুধায়ীবৃন্দ।



शिशिर कुमार अधिकारी
SISIR KUMAR ADHIKARI

सत्यमेव जयते

संसद सदस्य (लोक सभा)
MEMBER OF PARLIAMENT
(LOK SABHA)

# MESSAGE

I am glad to learn that Bajkul Milan Mela o Padarsani 2013 at Tethibari, Kismat Bajkul, Purba Medinipur is to be celebrated in a befitting manner.

To make the Milan Mela memorable the Bajkul United Forum Committee 2013 at Tethibari, Kismat Bajkul Purba Medinipur, has decided to publish a colourful Souvenir.

I convey my heartfelt greetings to the Organizing Committee of the Milan Mela .

I wish the grand success of the Bajkul Milan Mela 2013 .

(Sisir Kumar Adhikari)
Member of Parliament
(Lok Sabha)

To
The Secretary,
Bajkul Milan Mela 2013
Bajkul United Forum
Tethibari, Kismat Bajkul, Purba Medinipur

NEW DELHI : 15, Windsor Place, New Delhi-1, Ph. No. : 011-2378-2544
CONTAI : Karkuli, Contai, Purba Medinipur, W.B. Ph. No. : 03220-255599, 03220-256031
Mobile No. : +919434039494, 9650080251

सुवेन्दु अधिकारी
**SUVENDU ADHIKARI**

संसद सदस्य (लोक सभा)
MEMBER OF PARLIAMEN
(LOK SABHA)

# MESSAGE

*It is a great pleasure to learn that Bajkul Ubnited Forum of Kismat Bajkul is going to observe Bajkul Milan Mela o Padarsani at Tethibari on 14th to 23rd December 2013 in a befitting manner.*

*Hope the Bajkul Milan Mela o Padarsani Celebration Committee will be the unity of all religious people and a ideal platform of communal harmony.*

*I am also glad to learn that the members of the Bajkul Ubnited Forum of Bajkul decided to publish a colourful Souvenir to mark this auspicious occasion.*

*I convey my heartfelt greetings to organizes and wish the grand success of Bajkul Milan Mela o Padarsani.*

Suvendu Adhikari

*(Suvendu Adhikari)*
*Member of Parliament*
*(Lok Sabha)*

*To*
*The Secretary,*
*Bajkul Milan Mela 2013*
*Bajkul United Forum*
*Tethibari, Kismat Bajkul, Purba Medinipur*

DELHI :- 62, North Avenue, New Delhi-110001 Ph. : 011-23093924, Telefax : 011-23093923
TAMLUK :- Manisha Apartment, Flat No.-A4, Parbatipur, Tamluk, Purba Medinipur, W.B.
Ph. : 03220-256031, Fax (O) : 03220-255577 / 03228-267314

**DIBYENDU ADHIKARI**
Member
West Bengal Legislative Assembly

Vill. : Karkuli
P.O. + P.S. : Contai
Dist. : Purba Medinipur
West Bengal, Pin - 721401
9434005207 (M)
97324 69333 (M)
03220-255067 (Resi)
03220-255599 (Fax)
e-mail : dibyendu.adhikari27@yahoo.com

D.O. No. ..................

Date : ..........................

# MESSAGE

I am glad to learn that the members of Bajkul United Forum is going to celebrate Bajkul Milan Mela o Padarshani with great pomp.

I hope that the Bajkul Milan Mela o Padarshani will be a ideal platform of unity of all religions.

I am also glad to learn that the organizers are going to publish a colorful souvenir to mark this auspicious occasion

I wish the grand success of the Bajkul Milan Mela o Padarshani .

(Dibyendu Adhikari)
Member
(W.B. Legislative Assembly)

To
The Secretary,
Bajkul Milan Mela o Padarshani.
Bajkul, Purba Medinipur.

মধুরিমা মন্ডল
সভাধিপতি

পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
তমলুক :: পূর্ব মেদিনীপুর
দূরভাষ : ০৩২২৮-২৬৯৬৭৭/৭৮
ফ্যাক্স : ০৩২২৮-২৬৯৬৭৩

## শুভেচ্ছাবার্তা

আগামী ১৪-২৩শে ডিসেম্বর, ২০১৩ বাজকুল, ইউনাইটেড ফোরাম আয়োজিত বাজকুল মিলন মেলা ও প্রদর্শনীর আয়োজন যথেষ্ট প্রশংসার দাবী রাখে। এই সংগঠন আয়োজিত এই মেলার বিভিন্ন জনকল্যান মূলক ও সাংস্কৃতিক অনুষ্ঠানের সূচী সাধারণ জনসাধারণকেই মেলা প্রাঙ্গনে উপস্থিত হতে নয়, আপামর জনসাধারণকে উদ্বুদ্ধ করবে ও মেলা প্রাঙ্গন সকল ধরনের মানুষের মিলনক্ষেত্র হয়ে উঠবে আশা রাখি। আমি সমগ্র অনুষ্ঠানের ও এই উদ্দেশ্যে প্রকাশিত স্মরনিকার সাফল্য কামনা করি।

অভিনন্দন সহ -

(মধুরিমা মন্ডল)
সভাধিপতি
পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

প্রতি:
মাননীয় সভাপতি
বাজকুল ইউনাইটেড ফোরাম
টেঁঠিবাড়ী, কিসমৎ বাজকুল
পূর্ব মেদিনীপুর

**SOUMENDU ADHIKARI**
Chairman, Contai Municipality

## M E S S A G E

*I am glad to learn that you are going to observe Bajkul Milan Mela O Pradarsani 2013 Celebration Utsab', at Tethibari, Kismat Bajkul Purba Medinipur on 24th to 31th December, 2013.*

*I, convey my heartfelt greetings to the members of the Milan Mela O Pradarsani Celebration Utsab' for taking such noble attempt.*

*""If you have an apple and I have an apple and we exchange these apples then you and I will still each have one apple. But if you have an idea and I have an idea and we exchange these ideas, then each of us will have two ideas." ...............George Bernard Shaw*

*To make this auspicious occasion the 'Milan Mela O Pradarsani Celebration Utsab' committee decided to publish a Colourful Souvenir which will be enriched by the valuable articles of eminent establishment and well wishers.*

*I wish the all success of 'Bajkul Milan Mela O Pradarsani 2013 Celebration Utsab', Tethibari, Kismat Bajkul, Purba Medinipur.*

10/12/13
(Soumendu Adhikari)
Chairman
Contai Municipality

To
The Secretary,
Bajkul Milan Mela 2013 Celebration Utsab Committee,
Tethibari, Kismat Bajkul, Purba Medinipur

RESIDENCE - Karkuli, Contai, Purba Medinipur, West Bengal. Pin 721401, Ph. No - 03220 - 255067
OFFICE - N.S. Road Contai, Purba Medinipur, West Bengal. Pin - 721401, Ph. No. 03220 - 255017, Fax - 03220 259399
Mobile No. - 9434118567 / 9732591797, Mail ID - soumenduad@gmail.com

## সভাপতির কলমে—

মেলার আকর্ষণ আমরা চিরকাল অনুভব করি। আজও আমরা মেলা-পাগল। 'মেলা' কথাটির মধ্যে আছে মিলনের ইঙ্গিত। জাতি-ধর্ম নির্বিশেষে আমরা গিয়ে এক জায়গায় মিলিত হই। তবে গড়ে ওঠে মেলা। লক্ষ্য হল পরস্পরের মধ্যে মিলেমিশে কিছু দেওয়া-নেওয়া। এ যেন অনেকটা রথ দেখা ও কলা বেচার মতন। মেলা লোক সংস্কৃতির এক বিশেষ ধমনী। এই ধমনীতে জীবনের স্পন্দন। এরই মধ্যে বাঙালী খুজে পেয়েছে নিজেকে।

মেলা তো নিছক আনন্দ অনুষ্ঠানের ক্ষেত্র নয়। এর সঙ্গে যুক্ত আছে দীর্ঘকালের ধর্মসাধনা। আছে তার জীবন-লীলার নানা তরঙ্গের ঘাত-প্রতিঘাত। এরই মধ্যে আছে তার অর্থনৈতিক নিশ্চয়তার আশ্বাস। আছে জীবন বিকাশের আকৃতি। আছে সৃজনশীল মনের ব্যাপ্তি। আধুনিককালে মানুষের প্রয়োজনেই বাণিজ্য মেলা, শিল্প মেলা, বস্ত্র মেলা ও বই মেলার পাশাপাশি বাজকুল মহাবিদ্যালয়ের মাঠে বসেছে "মিলন মেলা" মিলন মেলা পা রেখেছে তৃতীয় বছরে, যদিও সৃষ্টি লগ্নে ঐ নামে পরিচিত ছিল না।—মিলন মেলার রূপে-রঙে-রসে হয়ে উঠেছে মোহিনী আকর্ষক।

আপনাদের সর্বাত্মক সহযোগিতা, সহানুভূতি ও হার্দিক ভালোবাসায় মেলার শ্রীবৃদ্ধি কামনা করি।

শ্রী অর্দ্ধেন্দু মাইতি
সভাপতি
বাজকুল ইউনাইটেড ফোরাম

# কাজলাগড় গ্রাম পঞ্চায়েত

## ভগবানপুর-১ পঞ্চায়েত সমিতি

পোঃ- কাজলাগড় ঃঃ পূর্ব মেদিনীপুর

*"হারি জিতি নাহি লাজ"*

মানুষের জন্য করতে চাই কাজ।— ইন্দিরা আবাস যোজনা, সহায় প্রকল্প, মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান নিশ্চয়তা প্রকল্প, জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচীর অন্তর্গত ইন্দিরা গান্ধী জাতীয় বার্ধক্য জনিত অবসর ভাতা প্রকল্প, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, জাতীয় পরিবার সহায়তা প্রকল্প,জননী সুরক্ষা যোজনা প্রকল্পের সাথে অন্ত্যোদয় অন্ন যোজনা, অন্নপূর্ণা যোজনা, ভূমিহীন কৃষি শ্রমিকদের জন্য ভবিষ্যনিধি প্রকল্প, অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য ভবিষ্যনিধি প্রকল্প, সকলের জন্য শিক্ষা, সার্বিক স্বাস্থ্যবিধান কর্মসূচী রূপায়ণে আমরা ব্যস্ত ও ব্রতী। সবারে করি আহ্বান—


| | |
|---|---|
| **শ্রীমতি কাবেরী বাড়ই** | **শ্রী চন্দন প্রধান** |
| *উপপ্রধান* | *গ্রাম প্রধান* |

সকল সদস্য-সদস্যা ও কর্মচারীবৃন্দ

কাজলাগড় গ্রাম পঞ্চায়েত

পোঃ- কাজলাগড় ঃঃ পূর্ব মেদিনীপুর

## সম্পাদকের কলমে—



মানব জীবনে উৎসবের তাৎপর্য গভীর ও ব্যাপক। উৎসবের মধ্যে প্রকাশ পায় এক সামাজিক চেতনার আনন্দমুখর অভিব্যক্তি। উৎসবের মধ্যেই আমরা সর্বজয়ী মানবশক্তি উপলব্ধি করি। আমি প্রথমেই জানাই মিলন মেলা ও প্রদর্শনীর প্রীতি ও শুভেচ্ছা। গত বছরের মতো এবারেও আমরা মিলন মেলা ও প্রদর্শনীর আয়োজন করেছি।

মিলন মেলা ও প্রদর্শনী প্রাঙ্গণ আজ সম্পূর্ণ অন্যরূপ ধারণ করেছে। এর পিছনে অসংখ্য জনসাধারণের অবদান রয়েছে। কৃতজ্ঞতার সাথে স্বীকার করি।

সবশেষে মিলন মেলা ও প্রদর্শনীর অগণিত দর্শক, শ্রোতা, কর্মী, শিল্পী, উৎসাহদাতা, সাহায্যকারীকে জানাই অভিনন্দন। এই মেলা সবার উপস্থিতিতে মহামিলনোৎসবে পরিণত হোক কামনা করি।

শ্রী রবীন চন্দ্র মণ্ডল

সম্পাদক

বাজকুল ইউনাইটেড ফোরাম

*Wish the*

*Grand Success*

*Milan Mela*

*'O'*

*Pradarsani*

# Dr. B.A. GHATA

***MBBS, DNB, Dip MAS (France)***
***Dip. MAS (WALS) FMAS (WALS)***
***FIAGES (INDIA) FALS INDIA.***

জেলায় প্রথম বিদেশে উচ্চ শিক্ষিত ইউনির্ভাসিটি কোয়ালিফায়ের Super Sperialist Laparoscopic Surgeon and Gynaicologist.

## OM SREE GURU HOSPITAL

***RESEARCH & DIAGNOSTIC CENTRE PVT. LTD.***

**AN ISO 9001 : 2008 CERTIFIED**

## A GOVT. REGD. SUPER SPECIALITY HOSPITAL

**EGRA :: CONTAI ROAD :: PURBA MEDINIPUR**
**MOB. : 8001284511, 9002305952**

# পত্রিকা সম্পাদকের কলমে—

"মিলনের মধ্যে যে সত্য তাহা কেবল বিজ্ঞান নহে, তাহা আনন্দ, তাহা রস-স্বরূপ, তাহা প্রেম। তাহা আংশিক নহে, তাহা সমগ্র, কারণ তাহা কেবল বুদ্ধিকে নহে, তাহা হৃদয়কেও পূর্ণ করে।"

■ *রবীন্দ্রনাথ*

হেমন্তের শৈত্যের শুভ্র বাতাসে দারিদ্র্যের টানা পোড়নের মধ্য দিয়ে মনের দুঃখ, কালিমা ঘুচিয়ে, মনে জাগে মিলনের স্বাদ। মেলার মধ্যেই মিলনের চিরন্তন প্রতিচ্ছবি। মিলনের মধ্যে সত্যের প্রকাশ। প্রাত্যহিকতার তুচ্ছতা থেকে সে দিল মানুষের মুক্তি। মিলনের প্রাঙ্গণে এসে মানুষ নিজেকে দেখতে পায়। উপলব্ধি করে এক শাশ্বত সত্যকে। মানুষে মানুষে সম্প্রীতির বন্ধন দৃঢ় হয়। মেলার প্রকৃত উদ্দেশ্য পারস্পরিক মিলন। মিলনানন্দ মেলাতে থাকে জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের অবাধ প্রবেশাধিকার। পারস্পরিক দেখা-সাক্ষাৎ হয়, শুভেচ্ছা বিনিময় হয়, আলাপ পরিচয় চলে, চলে ভাবের আদান-প্রদান। বাংলার লোকসংস্কৃতির সঙ্গে মেলার সম্পর্ক তাই অচ্ছেদ্য। গ্রাম-বাংলার উদার, নিসর্গ-পটভূমিকায় এই যে মিলনের মেলা এ-তো শুধু মানুষের সঙ্গে মানুষের মিলনই নয়, নয় শিল্পের সঙ্গে জীবনের মিলন, এ হলো অতীত ঐতিহ্যের সঙ্গে বর্তমানের রাখীবন্ধন।

বিগত বছরের ন্যায় আগামী ১৪ই ডিসেম্বর, হইতে ২৩শে ডিসেম্বর,২০১৩ বাজকুল কলেজ মাঠে ঐতিহ্যমণ্ডিত মিলন মেলার শুভারম্ভ। উক্ত অনুষ্ঠানের আনন্দমুখর দিনগুলিতে আপনার/আপনাদের সবান্ধব উপস্থিতি ও মধুময় সাহচর্যে আমাদের মিলন মেলা অনুষ্ঠান সার্থক ও ধন্য হউক—এই শুভ কামনা করে সম্পাদকীয় কলমের ইতি টানছি।

*বিনীত,*

**স্বরাজ কুমার করণ**

*পত্রিকা সম্পাদক*

**মিলন মেলা**

"সংস্কৃতি জীবনের সঙ্গে জড়িত। সেই জন্য এর চরম রূপ কোনও এক সময়ে চিরকালের জন্য বলে দেওয়া যেতে পারে না। জীবনের সঙ্গে সঙ্গে সভ্যতা আর সংস্কৃতিও গতিশীল ব্যাপার।"

● সুনীতিকুমার চট্টোপাধ্যায়

# ভগবানপুর-১ পঞ্চায়েত সমিতি

কাজলাগড় ● পূর্ব মেদিনীপুর

- জনগণের সহযোগিতা ও অংশগ্রহণের মধ্য দিয়ে এবং নির্বাচিত প্রতিনিধি ও কর্মচারীদের ঐকান্তিক প্রচেষ্টায় দারিদ্র দূরীকরণ ও ধারাবাহিক শিক্ষার কর্মসূচী।
- শিশু শিক্ষা কর্মসূচী।
- মহিলাদের স্বনির্ভর করে তোলার জন্য স্বনির্ভর গোষ্ঠীর কর্মসূচী।
- সার্বিক স্বাস্থ্য বিধান কর্মসূচী এবং এন.আর.ই.জি.এস. সহ প্রচুর উন্নয়ন প্রকল্পগুলির সফল রূপায়নে আমরা নিরলস ব্রতী ও দৃঢ় প্রতিজ্ঞ।

একই সঙ্গে মিলন মেলা ও প্রদর্শণীর সার্বিক সাফল্য কামনা করি।

উমা শঙ্কর দাস
*নির্বাহী আধিকারিক*
ভগবানপুর -১ পঞ্চায়েত সমিতি

শেখর পাণ্ডিত
*সভাপতি*
ভগবানপুর-১ পঞ্চায়েত সমিতি

উর্ম্মিলা পাল
*সভা-সভাপতি*
ভগবানপুর-১ পঞ্চায়েত সমিতি

# মিলন মেলা ও প্রদর্শণী কমিটি-২০১৩

*সভাপতি* ঃ শ্রী অর্দ্ধেন্দু মাইতি

*সহঃ সভাপতি* ঃ শ্রী শংকর প্রধান

*সম্পাদক* ঃ শ্রী রবীনচন্দ্র মণ্ডল

*সহঃ সম্পাদক* ঃ শ্রী শঙ্খবরণ হুতাইত

*কোষাধ্যক্ষ* ঃ শ্রী চন্দন নাজির

*পত্রিকা সম্পাদক* ঃ শ্রী স্বরাজ কুমার করণ

## সদস্য/সদস্যাগণ ঃ

| | | | |
|---|---|---|---|
| শ্রী বিজন সামন্ত | কাখুরিয়াবাড়ী | শ্রী তন্ময় দাস | তমলুক |
| শ্রী অরুণ কুমার দাস | কাখুরিয়াবাড়ী | শ্রী সঞ্জীব বাড়ুই | কপ্ট্যাবাড়ী |
| শ্রী সুবিনয় মাইতি | পুর্ব্বচক | শ্রী গোবিন্দ সামন্ত | কাখুরিয়াবাড়ী |
| ডাঃ দেবাশীষ সামন্ত | বাজকুল | শ্রী পীযুকান্তি দণ্ডপাট | হাওড়া |
| শ্রী নির্মলেন্দু দাস | তেঠিবাড়ী | শ্রী মানস কবি | কাখুরিয়াবাড়ী |
| শ্রী চন্দন কর | বাজকুল | শ্রী সপ্তর্ষি চ্যাটার্জী | ভীমেশ্বরী বাজার |
| শ্রী সুমিত কুমার বেরা | বাজকুল | শ্রী বিশ্বনাথ দোলই | দাশপুর |
| ডঃ নিথর রঞ্জন মধু | কল্যাণী | শ্রী সন্তু নাজির | নারায়ণদাঁড়ী |
| শ্রী শক্তিপদ দাস | তেঠিবাড়ী | শ্রী ভক্তিপদ দাস | তেঠিবাড়ী |
| শ্রী রামকৃষ্ণ মন্ডল | কপ্ট্যাবাড়ী | শ্রী সন্তোষ সামন্ত | কাখুরিয়াবাড়ী |
| শ্রী মানস কুমার বেরা | তেঠিবাড়ী | শ্রী নয়ন রানা | কাজলাগড় |
| শ্রী নাড়ুগোপাল মান্না | তেঠিবাড়ী | শ্রী বাপ্পা মাইতি | তেঠিবাড়ী |
| শ্রী গুরুপদ রাউৎ | বাঁকাবোয়ালিয়া | শ্রী নয়ন নাজির | নারায়ণদাঁড়ী |
| শ্রী বাবলু মন্ডল | তেঠিবাড়ী | শ্রী নন্দন মন্ডল | তেঠিবাড়ী |
| শ্রী শান্তনু কর | তেঠিবাড়ী | শ্রী শেখর দাস | তেঠিবাড়ী |
| শ্রী রাজকমল দাস | গড়বাড়ী | শ্রী স্বপন মন্ডল | তেঠিবাড়ী |
| শ্রী অচিন্ত্য শাসমল | ঠাকুরনগর | শ্রী দেব কমল মন্ডল | নন্দীগ্রাম |
| শ্রী গণেশ দাস | বাঁকাবোয়ালিয়া | শ্রী চন্দন দাস অধিকারী | বাজকুল |
| শ্রী শুকদেব শীট | তেঠিবাড়ী | শ্রী রূপম পট্টনায়েক | কাঁথি |
| শ্রী পিকাশ প্রতিম মাইতি | কাঁথি | শ্রী চন্দন মালী | কপ্ট্যাবাড়ী |

## সদস্য/সদস্যাগণ ঃ

| | | | |
|---|---|---|---|
| শ্রী স্বর্ণকমল দাস | গড়বাড়ী | শ্রী মানিক কর | শুকরুল্লাপুর |
| শ্রী রবি নাজির | নারায়ণদাঁড়ী | শ্রী বিশ্বজিৎ বেরা | হলদিয়া |
| শ্রী সুখেন্দু মাইতি | ঘোলপুকুর | শ্রী বুদ্ধদেব মাইতি | বাজকুল |
| শ্রী দেবকমল দাস | গড়বাড়ী | শ্রী গৌতম ঘোড়ই | তেঠিবাড়ী |
| শ্রী কৌশিক মাইতি (সন্তু) | বাজকুল | শ্রী সুদীপ্ত দাস | বাজকুল |
| শ্রী তপন দাস | নারায়ণদাঁড়ী | শ্রী রাধানাথ দাস | কপ্ট্যাবাড়ী |
| শ্রী কল্যাণ মাইতি | বাজকুল | শ্রী মানিক মাইতি | কপ্ট্যাবাড়ী |
| শ্রী ননীগোপাল মাঝি | গড়বাড়ী | শ্রী দিপালী সাহা | কাখুরিয়াবাড়ী |
| শ্রী কৌস্তভ মহাপাত্র | তেঠিবাড়ী | শ্রী শংকর মাইতি | কপ্ট্যাবাড়ী |
| শ্রী মোহন খালুয়া | গড়বাড়ী | শ্রী উত্তম মন্ডল (যাদব) | কপ্ট্যাবাড়ী |
| শ্রী আনন্দ প্রধান | গড়বাড়ী | শ্রী রামপদ সেন (রামু) | বাজকুল |
| শ্রী অর্দ্ধেন্দু মাইতি | বাজকুল | শ্রী প্রবীর সামন্ত | কাখুরিয়াবাড়ী |
| ডাঃ অরুন গিরি | তেঠিবাড়ী | শ্রী সৌমেন মাইতি | মহিষাদল |
| শ্রী শঙ্কর নাজির | নারায়ণদাঁড়ী | ডাঃ আশীষ দে | তমলুক |
| শ্রী দিবাকর দাস | গড়বাড়ী | শ্রী সুজিত বেরা | মধুসূদনচক |
| শ্রী দীপেশ দাস | বাজকুল | শ্রী নান্টু প্রধান | দেঁড়ে দীঘি |
| শ্রী কৃষ্ণেন্দু সিনহা | তেঠিবাড়ী | শ্রী পল্টু রাউৎ | বাঁকাবোয়ালিয়া |
| শ্রী নাথু মন্ডল | নারায়ণদাঁড়ী | শ্রী উত্তম মিদ্যা | হলদিয়া |
| শ্রী সৌমেন গিরি | ঠাকুরনগর | শ্রী মানিক মাইতি | তিওরখালী |
| শ্রী সন্দীপ প্রধান | কপ্ট্যাবাড়ী | শ্রী কৌশিক মাইতি (বাবুন) | দীঘা |
| শ্রী প্রদীপ প্রধান | কপ্ট্যাবাড়ী | শ্রী সমীরণ মন্ডল | শুকরুল্লাপুর |
| সেক আমজাদ | হলদিয়া | শ্রী কেশব দাস | কাখুরিয়াবাড়ী |
| শ্রী তরুন কুইতি | হলদিয়া | | |

"স্বার্থপরতা আত্মাকে নিধন করে, তাকে বিনাশ করে"
■ ঋষি অরবিন্দ

# অনুষ্ঠান–সূচী

**১৪ই ডিসেম্বর, ২০১৩ শনিবার ঃ**

*বিকাল ৪ টায় ঃ* উদ্বোধন

উদ্বোধক ঃ মাননীয় **শ্রী শুভেন্দু অধিকারী,** *সাংসদ, তমলুক লোকসভা।*

*গৌরবময় উপস্থিতি ঃ*

মাননীয়া শ্রীমতি মধুরিমা মণ্ডল, *সভাধিপতি, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ।*
মাননীয় শ্রী রণজিৎ মণ্ডল, *বিধায়ক, খেজুরী।*
মাননীয় ড. সত্যনারায়ণ সাউ, *ভারপ্রাপ্ত অধ্যাপক, বাজকুল মিলনী মহাবিদ্যালয়।*
মাননীয় ড. অনিন্দ্যকিশোর ভৌমিক, *প্রাক্তন অধ্যক্ষ, বাজকুল মিলনী মহাবিদ্যালয়।*
জনাব আবজল হোসেন, *সচিব, এগরা, রেগুলেটেড মার্কেট কমিটি*
মাননীয় শ্রী উমাশঙ্কর দাস, *সমষ্টি উন্নয়ন আধিকারীক, ভগবাপুর-১ ব্লক*
মাননীয় শ্রী শেখর পণ্ডিত, *সভাপতি, ভগবানপুর-১ পঞ্চায়েত সমিতি।*
মাননীয়া শ্রীমতি কাজল বর্মন, *সভাপতি, ভগবানপুর-২ পঞ্চায়েত সমিতি।*
মাননীয় স্বপন কুমার দাস, *সদস্য, জেলা পরিষদ।*
ডাঃ দেবাশীষ সামন্ত, *বিশিষ্ট সমাজসেবী।*
ডাঃ বাদল অশ্রু ঘাটা, *বিশিষ্ট সমাজসেবী।*

উপস্থিত থাকবেন রূপালী পর্দার নায়িকা-
*জনপ্রিয় অভিনেত্রী* **ইন্দ্রানী হালদার**

**১৫ই ডিসেম্বর, ২০১৩ রবিবার ঃ**

*দুপুর ১ টায়* ঃ অঙ্কন প্রতিযোগিতা, 'আমিও আমার প্রিয়রা'–**পেনসিল স্কেচ**
*(প্রথম শ্রেণি থেকে সপ্তম শ্রেণি পর্যন্ত)*
'পুকুর ঘাট'– জল রং *(অষ্টম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত)*
'আগামীতে আমরা' – পোস্টার *(একাদশ শ্রেণি থেকে তদুর্দ্ধে)*

*বিকাল ৪ টায়* ঃ আবৃত্তি প্রতিযোগিতা, 'পাকাপাকি' –সুকুমার রায় *(চতুর্থ শ্রেণি পর্যন্ত)*

*বিকাল ৫ টায়* ঃ রবীন্দ্র সঙ্গীত প্রতিযোগিতা (সপ্তম শ্রেণি পর্যন্ত)

*সন্ধ্যা ৬ টায়* ঃ রবীন্দ্রনৃত্য প্রতিযোগিতা (সপ্তম শ্রেণি পর্যন্ত) রিমেক বর্জিত।

*রাত্রি ৮ টায়* ঃ বিচিত্রানুষ্ঠান, জি. বাংলা রাশি সিরিয়াল খ্যাত-
**রাশি** ও বহিরাগত শিল্পীদের দ্বারা বিচিত্রানুষ্ঠান।

**১৬ই ডিসেম্বর, ২০১৩ সোমবার ঃ**

*বিকাল ৪ টায়* ঃ আবৃত্তি প্রতিযোগিতা, পুকুর ধারে-রবীন্দ্রনাথ ঠাকুর (একাদশ শ্রেণি থেকে তদুর্দ্ধে)

*বিকাল ৫ টায়* ঃ মান্নাদের বাংলা গানের প্রতিযোগিতা (অষ্টম শ্রেণি থেকে তদুর্দ্ধে)

*সন্ধ্যা ৬ টায়* ঃ আধুনিক নৃত্য প্রতিযোগিতা (ছায়াছবি বর্জিত)
(অষ্টম শ্রেণি থেকে নবম শ্রেণি পর্যন্ত)

*রাত্রি ৮ টায়* ঃ **সুরসঙ্গম বাংলা ব্যাণ্ড**

**১৭ই ডিসেম্বর, ২০১৩ মঙ্গলবার ঃ**

*বিকাল ৫ টায় ঃ* ম্যাজিসিয়ান ই.এন. লাল ওতার সম্প্রদায়বৃন্দ দ্বারা **ম্যাজিক শো**

*রাত্রি ৮ টায় ঃ* স্টার জলসা খ্যাত 'বধূ কোন আলো লাগলো চোখো' সিরিয়ালের নায়িকা- **আলো** ও বহিরাগত শিল্পীদের দ্বারা অনুষ্ঠান।

**১৮ই ডিসেম্বর, ২০১৩ বুধবার ঃ**

*সকাল ১০ টায় ঃ* ওয়েস্ট ব্যাঙ্ক নারায়ণ হার্ট সেন্টার ও রবীন্দ্রনাথ টেগর হাসপাতাল, কলিকাতা (দেবীসেটি হাসপাতাল) ব্যবস্থাপনায় সম্পূর্ণ বিনামূল্যে- (১) হার্ট চেকাপ (২) E.C.G ও বিনামূল্যে ঔষধ প্রদান। (নাম নথিভূক্ত করুন-কৃষ্ণা **পলিক্লিনিক**, তেঠিবাড়ী, বাজকুল)

*বিকাল ৫ টায় ঃ* আবৃত্তি প্রতিযোগিতা 'বাংলার মুখ আমি দেখিয়াছি' -জীবনানন্দ দাশ ( অষ্টম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত)

*সন্ধ্যা ৬ টায় ঃ* যে কোন লোকনৃত্য (দশম শ্রেণি থেকে তদুর্দ্ধে)

*রাত্রি ৮ টায় ঃ* কলিকাতার শিল্পী দ্বারা বিচিত্রানুষ্ঠান

বিশিষ্ট গায়ক- **জয়ন্ত দে** ও তার সম্প্রদায়।

**১৯শে ডিসেম্বর, ২০১৩ বৃহস্পতিবার ঃ**

বিকাল ৪ টায় ঃ কৃষকের গান-সুকান্ত ভট্টাচার্য (পঞ্চম শ্রেণি থেকে সপ্তম শ্রেণি পর্যন্ত)

বিকাল ৫ টায় ঃ নৃত্য প্রতিযোগিতা, মান্নাদের যেকোন বাংলা গানের উপর (পঞ্চম শ্রেণি থেকে তৎউর্দ্ধে)

সন্ধ্যা ৬ টায় ঃ দিদি নং-১ (একাদশ শ্রেণি থেকে তদুর্দ্ধে) (শিক্ষা ও সাংস্কৃতিক মনস্কতার নিরিখে)

রাত্রি ৮ টায় ঃ ব্যাঙ্গল মিউজিক লিড -এর চ্যাম্পিয়ান, সা-রে-গা-মা-পা ও অনেক বাংলা ছবির প্লে-ব্যাক সিঙ্গার

**মিঃ প্রসুন ব্যানার্জি** ও সম্প্রদায়

**২০ শে ডিসেম্বর, ২০১৩ শুক্রবার ঃ**

*বিকাল ৪ টায় ঃ* বিতর্ক প্রতিযোগিতা (সর্বসাধারণ)

বিষয় ঃ শ্লীলতা-হানীর জন্য নারীরাই দায়ী? (সময় ঃ ৪ মিনিট)

*বিকাল ৫-৩০ টায় ঃ* তাৎক্ষণিক বক্তৃতা (সর্বসাধারণ) (লটারির মাধ্যমে, সময় ৩ মিনিট)

*রাত্রি ৮ টায় ঃ* কলিকাতা ব্যালে কয়ার-এর অনুষ্ঠান।

পরিচালনায় ঃ **ঋতম্ভরী ব্যালে কয়ার**

**২১শে ডিসেম্বর, ২০১৩ শনিবার ঃ**

*বিকাল ৪ টায়* ঃ কেবলমাত্র বিবাহিত মহিলাদের জন্য রন্ধন প্রতিযোগিতা
বিষয় ঃ আলুর দম
(এই প্রতিযোগিতায় রান্নার সমস্ত উপকরণ প্রতিযোগীকে আনিতে হইবে)

*সন্ধ্যা ৬ টায়* ঃ দাদা নং-১ (একাদশ শ্রেণি থেকে তদুর্দ্ধে)
(শিক্ষা ও সাংস্কৃতিক মনষ্কতার নিরিখে)

*রাত্রি ৮ টায়* ঃ বিখ্যাত গায়ক শিল্পী শ্যামল মিত্র-এর পুত্র

**সৈকত মিত্র** ও সম্প্রদায়

**২২শে ডিসেম্বর, ২০১৩ রবিবার ঃ**

বিকাল ৪ টায় ঃ **পুরস্কার বিতরণী অনুষ্ঠান**

**উপস্থিত থাকবেন-**

মাননীয় **শ্রীশিশির অধিকারী**, *সাংসদ, প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী।*
মাননীয় শ্রী দিবেন্দু অধিকারী, *বিধায়ক, দঃ কাঁথি।*
মাননীয় শ্রী সমরেশ দাস, *বিধায়ক, এগরা।*
মাননীয় শ্রী সৌমেন্দু অধিকারী, *পৌরপিতা, কাঁথি।*
মাননীয় শ্রী কার্ত্তিক ব্যানার্জী, *সভাপতি, বিবেক।*
মাননীয় শ্রী রাজা মজুমদার, *বিশিষ্ট সমাজসেবী।*
মাননীয় শ্রী প্রদীপ কয়াল, *বিদ্যুৎ কর্মাধ্যক্ষ, পূর্ব মেদিনীপুর জেলাপরিষদ।*
মাননীয় শ্রী স্বপন রায়, *সদস্য, পূর্ব মেদিনীপুর জেলাপরিষদ।*
মাননীয় ডাঃ দেবাশীষ সামন্ত, *বিশিষ্ট সমাজসেবী।*
মাননীয়া জয়ীতা জানা, *সদস্যা, পূর্ব মেদিনীপুর জেলাপরিষদ।*
মাননীয় শ্রী জন্মেঞ্জয় দাস, *প্রধান, গড়বাড়ী-১ গ্রাম পঞ্চায়েত।*
মাননীয় শ্রী চন্দন প্রধান, *প্রধান, কাজলাগড়, গ্রাম পঞ্চায়েত।*
মাননীয়া শ্রীমতি স্মৃতিকণা মণ্ডল, *প্রধান, গড়বাড়ী-২ গ্রাম পঞ্চায়েত*
আরো উপস্থিত থাকবেন বিশিষ্ট ব্যক্তিবর্গ।

*রাত্রি ৮টায়* ঃ বিচিত্রানুষ্ঠান (কলিকাতা শিল্পীদের দ্বারা)

উপস্থিত থাকবেন- বাংলা ও হিন্দী সিনেমার
খ্যাতনামা গায়িকা-
**শ্রীজা ব্যানার্জী**
ও স্টার জলসা খ্যাত জল নূপুর সিরিয়াল-এর অভিনেত্রী **পারী**

**২৩শে ডিসেম্বর, ২০১৩ সোমবার ঃ**

*রাত্রি ৮টায়ঃ* বাংলা সা-রে-গা-মা-পা শিল্পীদের দ্বারা বিচিত্রানুষ্ঠান।

আসছেন- **সতীশ** ও **শিউলী** আরো অনেকে।

# নতুন গ্রহের উৎপত্তি

■ শক্তিপদ মির্দ্যা, *ভূগোল বিভাগ,*
*প্রথম বর্ষ, বাজকুল মিলনী মহাবিদ্যালয়*

কিছুদিন আগেই আবিষ্কার হল মিল্কিওয়ে গ্যালাক্সির নবতম এক গ্রহ। তবে এ গ্রহ আমাদের সৌরজগতের সদস্য নয়। অন্য এক সৌরজগতের সদস্য। গ্লিসে ৫৮১সি' নামক 'রেড ডোয়ার্ফ স্টার'। বিজ্ঞানীরা দেখেছেন পৃথিবী থেকে সূর্যের দূরত্ব ৯কোটি ৩০ লক্ষ মাইল। কিন্তু তার দূরত্ব সূর্য থেকে মাত্র ৬.৫ মিলিয়ন মাইল দূরে অবস্থিত হয়েও গ্রহটির তাপমাত্রা কম। ফলে বিজ্ঞানীরা মনে করেছেন এই গ্রহটির আবহাওয়া পৃথিবীর মতোই হবে। প্রাণেরও অস্তিত্ব থাকতে পারে, কারণ তারা HD209458B প্রযুক্তির মাধ্যমে জানতে পেরেছেন গ্রহটিতে জলের উপস্থিতি আছে। 'স্টিফান উড্রি' ও একদল ইউরোপীয় বিজ্ঞানী HARPS Spectograph যন্ত্র দিয়ে 3.6m telescope দিয়ে ইউরোপীয়ান সার্দান অবজারভেটরী (চিলি-র লা -সিল্লা নামক স্থানে অবস্থিত) তে দীর্ঘদীন পর্যবেক্ষণের মাধ্যমে এইগ্রহের আবিষ্কার করেন। বিজ্ঞানীরা মনে করেন গ্রহটির বয়স 4.3 মিলিয়ান বছর।

—ঃ*ঃ—


# বিগব্যাং (বা) মহাবিস্ফোরণ

■ অদ্বৈত মণ্ডল, *ভূগোল বিভাগ, প্রথম বর্ষ, বাজকুল মিলনী মহাবিদ্যালয়*

১৮,০০০ ক্রোড় বৎসর পূর্বে এক বিশাল বিস্ফোটের মাধ্যমে এই ব্রহ্মাণ্ডের জন্ম হয়। এর ফলে যে মহাশূন্যে পদার্থগুলি ছিটকে পড়ে তা আবার ঘনীভূত হয়ে পিণ্ডাকৃতি হয় এবং ক্রমে নক্ষত্র পুঞ্জে পর্য্যবশিত হয় প্রক্রিয়ার গতিবেগ নক্ষত্র পুঞ্জগুলি এখনও বর্হিমুখী হয়ে ধাবমান। ব্রহ্মাণ্ডের বয়স বাড়ার সাথে সাথে এই মহাজাগতিক বস্তুগুলির ঘনত্ব কমে পাতলা হয় ও সম্প্রসারণ চলতে থাকে অনির্দিষ্ট কালের জন্য। ১৯৬৪ সালে এ্যামোপেনাজিয়াশ এবং রবার্ট উইলসন নামে দুই বিজ্ঞানী ''কসমিক ব্যাকগ্রাউণ্ড রেডিয়েশন'' নামক আবিষ্কারের পর মহাবিস্ফোরণ তত্ত্বটি আরো সুপ্রতিষ্ঠিত হয়। এই আবিষ্কারটির জন্য এই বিজ্ঞানীরা নোবেল পুরস্কার প্রাপ্ত হন। ২০০৩ সালে নাসা (NASA) পরিচালিত অনুসন্ধান ''উইলকিনশন মাইক্রোওয়েভ এন্টিসোট্রিপি প্রোবের মাধ্যমে মহাজাগতির সুক্ষ্মতরঙ্গে অবশিষ্ট বিচ্ছুরণের তাপমাত্রা প্রায় ১/১০ লক্ষের ডিগ্রী পর্যন্ত সঠিক পরিমাপ করতে সমর্থ হন। এই অধ্যায়নের আধারে বিজ্ঞানীরা ব্রহ্মাণ্ডের বয়স নির্ধারণ করেন ১৩৭০ কোটি বৎসর। মহাবিস্ফোরণের প্রায় কুড়ি কোটি বছর পর নক্ষত্রগুলি আকৃতি প্রাপ্ত হয়।

—ঃ*ঃ—


মিলন মেলার সাফল্য কামনায়-
অ্যাপারেল
একটি অভিজাত বস্ত্র বিপনী
(শীতাতপ নিয়ন্ত্রিত)
পুরুষ ও মহিলাদের
অত্যাধুনিক রুচিসম্মত
পোষাকের বিপুল সম্ভার
নিয়ে আমন্ত্রণ জানায়....
ফোন ঃ- ০৩২২০-২৭৪৫৭৪
তেঠিবাড়ী (হিরো শো-রুমের দ্বিতলে), বাজকুল, পূর্ব মেদিনীপুর


মিলনমেলা উপলক্ষ্যে এলাকার সকল অধিবাসীকে জানাই মিলনমেলায় প্রীতি ও শুভেচ্ছা ।
উৎসবের আলোয় উদ্ভাসিত হোক আপামর মানুষের অন্তর- এই কামনা করি।
পৌরপরিষেবা বঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোই আমাদের অঙ্গীকার।
- পৌরপ্রধান
গ্রীণ হলদিয়া।
ক্লিন হলদিয়া।
হলদিয়া পৌরসভা
Haldia Municipality
P.O.- Debhog, City Centre, Haldia, Purba Medinipur

## উৎসর্গ

■ ঈপ্সিতা জানা, *নবম শ্রেণি।*
পোড়াচিংড়া জি.এ.বিদ্যাপীঠ

সবটুকু মোর দিয়ে যাব
নেবো না জেনো একটি কণা,
চলতে চলতে যা পেয়েছি
কোথাও যে তার নেই তুলনা।
হাসি দিয়ে আর কান্না দিয়ে
ভেঙেছি আবার গড়েছি,
দুঃখ দিয়ে বা কষ্ট দিয়ে
মনের বেড়া বেঁধেছি।
কত ঝড় কত ঝাপ্‌টা সয়ে
দাঁড়িয়ে থেকেছি তোমার জন্য,
জানি তো সবই আপেক্ষিকতা
তবু তো ভাবিনি তোমায় ভিন্ন।
ধ্রুবতারা শুধু আকাশেই নয়
মনেও যে তার অবস্থান,
দিক্‌ভ্রষ্ট হয়নি যে তাই
হৃদয়ে বেঁধেছি তোমার তান।
দিয়েছিলে যা দুটি হাত ভরে
ফেলিনি কোথাও মনের ভুল,
মনের মণিকোঠায় আজো তো
সবটুকু তার রেখেছি তুলে।
পথের ক্লান্তি পারেনি ভোলাতে
সেই সুর-তাল-ছন্দ,
মনের গভীরে সাতসমুদ্র
উথলিছে ওযে সদা-আনন্দ
বৈরাগ্যের গৈরিকরঙে
রাঙিয়ে নিয়েছি এদু'টি চোখ,
ভালবাসা ভরা হৃদয় নিয়ে
বলেছি, 'সবার মঙ্গল হোক'।।

—ঃ*ঃ—

## মা

■ ঋতুরাজ সাউ, *সপ্তম শ্রেণি*
*নাজির বাজার হরেন্দ্র হাইস্কুল (উঃমাঃ)*

মার মুখের সাথে অন্য কারো মিল
খুঁজে পাই না কখনো
মার ভালবাসার সঙ্গে অন্যের ফারাকও
বেশ বুঝতে পারি........
মা মুখ দেখে বুঝে নিতে পারেন
আমি কতটা সুখী অথবা দুখী
অথচ মা তার দুঃখগুলি
ঘুম পাড়িয়ে রাখেন স্বযত্নে........

—ঃ*ঃ—

## বর্ণপরিচয়

■ অনিতা কামিলা, ভূগোল বিভাগ,
দ্বিতীয় বর্ষ, বাজকুল মিলনী মহাবিদ্যালয়

ধ্বনি থেকে বর্ণ পেলাম,
র্বণ থেকে শব্দ।
শব্দ দিয়ে বাক্য হল,
বলোনা কেমন জব্দ।

শব্দ থেকে পদ হয় ভাই
বিভক্তি যোগ করে
এই কথাটি সর্বদা
রাখবে মনে ধরে।

পাঁচ রকমের পদ দিয়ে ভাই
আহার করা ভালো
বিশেষণে আর নাম পদে তাই
সবাই এসে গেলো।।

—ঃ*ঃ—

# কে আমি !

■ **সপ্তর্ষি চক্রবর্ত্তী,** *অংশকালীন অধ্যাপক,*
*গণিত বিভাগ, বাজকুল মিলনী মহাবিদ্যালয়।*

একটি নামগোত্রহীন শিশু
একটু উষ্ণতার খোঁজে
হামাদিয়েছে অনেকটা পথ।।
হঠাৎ কখন দাঁড়িয়েও পড়ে!
জীবন যুদ্ধ পারেনি, সেদিন থামাতে।।
একটি নামগোত্রহীন বালক
হারিয়ে ফেলেছে তার শৈশব।
কারখানার ধোঁয়া আর বিষাক্তগন্ধ,
খুন করতে পারেনি তার হাসি!
কান্নার মাঝেও সে একদিন গণতন্ত্রের প্রতিনীধি।।
একটি নামগোত্রহীন যুবক
আসুরিক ক্ষমতায় মানুষ টানে;
এরই মাঝে প্রমান করে পৌরুষত্ব
ধরাদেয় জৈবিক কামনায়।।
নীল দেওয়ালের সংসার;
নতুন অতীথি আসে!
সৃষ্টির আনন্দ আর সষ্ট্রার চোখে জল।।
একটি নামগোত্রহীন মানুষ
থেমে গেছে তার গতিপথ
অনেকটা আসুন, কান্না আর হাসির শব্দ;
সষ্ট্র প্রশ্ন করেন "কে তুমি?"
নীরব হাসি; থেমে গেছে সব।।
নেই উত্তর;

—ঃ*ঃ—





# প্রশান্তি

■ **সুজিত কুমার সাহু**
অংশকালীন অধ্যাপক, বাংলা বিভাগ
বাজকুল মিলনী মহাবিদ্যালয়

ভালো সময় হয়েছে অতীত।
বাজারে দাম নিয়ে কষাকষি,
কুরুক্ষেত্রের দাবানল মানুষে-মানুষে,
রাজনীতির পাড়া ডিঙানো কুকুরের চিৎকার
সবই আজ মুখোশ থেকে বেরোয়।
আদিম নিবাসী মানুষের মতো
ক্ষুধা-তৃষ্ণা-ক্লান্তি ঠেকাতে পারে না কেউ।
দামী ক্রিমের গন্ধ গায়ে অনেক ছড়ানো
সুস্বাদু-খাসীর ঝোলের পর
সুগন্ধি একটা পান।
ঝলমলে, শর্ট-কার্ট পোশাকের আকর্ষণ
তবু তো লাগে না ভালো......।
শুধু টিকে আছে—
জ্যোৎস্নার চন্দন
অন্ধকার নিশীথে তারাদের উঁকিঝুঁকি
উষার গায়ের বাতাস
আমাদের ভালোবাসার ভেলায়
ভাসিয়ে তোলে মন।

—ঃ*ঃ—

মিলনমেলার সাফল্য কামনায়

আ মা দে র ব্যা ঙ্ক

# CARD BANK




গৃহ নির্মাণ, ট্রাক, ট্রাক্টর, পান বরোজ, গাড়ী, মাছ চাষ বা পুকুর খোঁড়ার ঋণও দিতে পারি।
পাশ বইতে টাকা জমান, না হয় কিছু তুলুন, টাকায় টাকা বাড়তে থাকুক - মহাজনকে ভুলুন।
নতুন কিছু গড়তে চাইলে শহর-গঞ্জ-গ্রামে, আমরা আছি পাশাপাশি ''কার্ড ব্যাঙ্ক'' নামে।

সমবায়ে সমস্ত রকম সুযোগ নিতে আপনাকে স্বাগত জানাই।

তারকনাথ ভট্টাচার্য (মুখ্যনির্বাহী আধিকারিক) শুভেন্দু অধিকারী (সভাপতি)

## কন্টাই কো-অপারেটিভ এগ্রিকালচারাল এণ্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক লিমিটেড

হেড অফিস ঃ- কাঁথি, পূর্ব মেদিনীপুর, পিন- ৭২১৪০১
দূরভাষ ঃ ২৫৫১৮৪ / ২৫৭৯৪৭ (সভাপতির ফ্যাক্স ঃ ০৩২২০-২৫৫১৮৪)

শাখা অফিস ঃ কাঁথি- ২৫৫১৫৮, এগরা- ২৪৪২৪৭, হেঁড়িয়া- ২৭৬২২৬), পটাশপুর- ২৪২২০৩,
রামনগর- ২৬৪৩৭৭, ভগবানপুর- ২৭২৫৬৯, বাজকুল শাখা (সান্ধ্যবিভাগ)- ২৭৪৮৫৫

মিলন মেলা ও প্রদর্শনীর সার্বিক সাফল্য কামনা করি।

# গড়বাড়ী-১ গ্রাম পঞ্চায়েত
# ভগবানপুর-২ পঞ্চায়েত সমিতি

কিসমত বাজকুল, পূর্ব মেদিনীপুর, ৭২১৬৫৫

**এলাকার জন সাধারণের স্বার্থে ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে একটি শক্তিশালী গ্রাম পঞ্চায়েত উপহার দেওয়ায় আমরা দৃঢ় প্রতিজ্ঞ।**

## আমাদের পঞ্চায়েতের লক্ষ্য

- খাদ্য, বস্ত্র ও বাসস্থান বিষয়ে প্রতিটি মানুষের জন্য সুনিশ্চিতকরণ।
- কৃষি ও সেচ ব্যবস্থাকে গণমুখী করা।
- প্রতিটি পরিবারকে ১০০ দিনের কাজ দেওয়ার ক্ষেত্রে সুনিশ্চিত করা।
- অসংগঠিত শ্রমিকদের ভবিষ্যনিধি ও ভূমিহীন কৃষি শ্রমিকদের ভবিষ্যনিধি প্রকল্প রূপায়নের উৎযোগ নেওয়া।
- বেকার যুবকদের প্রশিক্ষণের দ্বারা সর্বস্তরে চাকুরীর সংস্থানসহ আর্থিক উপার্যনের ব্যবস্থা করার চেষ্টা করছি।
- সমগ্র এলাকায় সামাজিক বনসৃজন ও গ্রাম পঞ্চায়েতটি নির্মল পঞ্চায়েতের সম্মান অটুট রাখার জন্য গ্রাম উন্নয়ন কমিটি দ্বারা পরিচর্যা ও তরল ও কঠিন বর্জ পদার্থ ও সংরক্ষণ করে পঞ্চায়েতের দূষণ মুক্ত রাখার ব্যবস্থা।
- প্রকল্পের মাধ্যমে এলাকার রাস্তা-ঘাট উন্নয়ন ও ব্যক্তিগত পুকুর সংস্কারের মাধ্যমে এলাকার স্থায়ী সম্পদ সৃষ্টি এবং সাধারণ মানুষের পরিষেবা দেওয়া।

| | |
|---|---|
| সুবলচন্দ্র সেন<br>উপ-প্রধান<br>গড়বাড়ী-১ গ্রাম পঞ্চায়েত | জন্মেঞ্জয় দাস<br>প্রধান<br>গড়বাড়ী-১ গ্রাম পঞ্চায়েত |

গড়বাড়ী-১ গ্রাম পঞ্চায়েতের সমস্ত সদস্য/সদস্য ও পঞ্চায়েত সমিতির ,সদস্য/সদস্যা)


# মা

■ পূর্ণিমা কাজলী, *প্রথম বর্ষ ভূগোল,*
*রাজকুল মিলনী মহাবিদ্যালয়*

সবার প্রিয় কাছের মানুষ তুমি আমার মা।
এ জগতে তোমার মত নেইকো তুলনা।।
জন্মদায়ী মা যে আমার কতই আদরিণী।
জীবন দিয়ে শোধ করবো তোমার যত ঋণই।।
স্নেহ, মায়া, ভালবাসা আর আদর মাখা গান
এ হৃদয়ের জুড়ায় জ্বালা জুড়ায় আমার প্রাণ।।
তোমার আদেশ মানবো মাগো করবো না অবহেলা।
তোমার কাছে কাছে থাকবো আমি সারাবেলা।।
তুমি যদি শাসন করো, সোহাগ করো যেন।
তবেই তো মা, মেয়ে তোমার খুশি হবে যেন।।
আমায় তুমি মনের মতো শিখিয়ে নিও মা।
আমি যেন তোমায় ছাড়া কিছুই বুঝিনা।।
জীবন পথের মাঝি তুমি নিয়ে যাও বেয়ে।
যেন বড় হওয়ার স্বপ্ন দেখি তোমার আশিষ পেয়ে।।

—ঃ*ঃ—





# দার্শনিক মত

■ **অমিয় কামিলা,** *দর্শন বিভাগ,*
*রাজকুল মিলনী মহাবিদ্যালয়*

দেকার্ত যদি হয় সংশয়বাদী।
চার্বাক তবে হয় নিরীশ্বরবাদী।।
দেহ সম্পর্কে চার্বাক মতবাদ দেহাত্মবাদ।
সেই মতবাদকেও বলা হয় ভূচৈতন্যবাদ।
বার্কলে হন একজন ভাববাদী
তাই তাঁকে বলা হয় অহং কেন্দ্রীক।।
অস্তিত্ব প্রত্যক্ষ নির্ভর হয় বার্কলের মত।
দ্রব্যই স্বনির্ভর তবে হয় দেকার্তের মত।।
বহ্নি ছাড়া যদি ধূম অসম্ভব।
তাহলে ধূম ও বহ্নির মধ্যে ব্যাপ্তি সম্ভব।।
নৈতিক নিয়ম রক্ষা যদি কান্টের মত।
তবে সৎ ইচ্ছা নিজ গুণেই সৎ।।
যদি আমি চিন্তা করি আমি আছি,
তবে হব সংশয়বাদী।
আমি আছি তাই আমি ভাবতে পারি,
এবার হলাম আমি অস্তিত্ববাদী।।

—ঃ*ঃ—

# ইচ্ছা পূরণ

■ **আশিষ কুমার মাইতি,** *ভূগোল বিভাগ,*
*দ্বিতীয় বর্ষ, বাজকুল মিলনী মহাবিদ্যালয়*

ছোটো ছোটো ইচ্ছা গুলো
আমার মনে কত,
কবে যে পূরণ হবে
তাই ভেবে ঘুম হয় না
রাতে জেগে রই
আমার মনের ইচ্ছার কথা
কারে খুলে কই।
যেইনা বলল সুখপাখিটি
ইচ্ছা পুরের কথা,
সপ্ন নামে তরি নিয়ে
রওনা দিলাম সেথা।
নদী সমুদ্র পার হয়ে তরি
দুলে দুলে যায়,
গিয়ে দেখি দ্বার বন্ধ
আমি নিরুপায়।
চাবি কোথায়? জানিনাতো
রুপ সাগরের জলে,
চাবি এনে খুলে দেব
দ্বারি আমায় বলে।
ব্যর্থ হল ইচ্ছা আমার
হল না পূরণ আশা,
কী বলে যে শোক জানাব
নেই মুখেতে ভাষা।
তোমার যদি ইচ্ছে থাকে
ইচ্ছাপুরে যেতে,
তোমার যত ইচ্ছা আছে
পূরণ হবে তাতে।
রুপ সাগরে চাবি খুঁজে
বল আমাকে,
ঠিকানা খানি লিখে আমি
দেব তোমাকে।
ইচ্ছাগুলি পূরণ কর
গিয়ে ইচ্ছা পুরে,
ফিরে এসে ইচ্ছাপুরের কথা
একবার বল আমারে।

—ঃ*ঃ—

# স্মৃতি

■ **ব্রততী মাইতি,** *অংশকালীন অধ্যাপক,*
*বাংলা বিভাগ, বাজকুল মিলনী মহাবিদ্যালয়*

বহুদিন পর
পুরোনো এক বন্ধুর সঙ্গে দেখা।
অনেক গল্পের পর জানতে পারি—
তার বাড়িতে বেজেছে শিশুর মঙ্গল কান্না.....
সে-তার সাথীকে নিয়ে
রাশি রাশি কষেছে ভবিষ্যতের হিসাব....
এবার বাবা-মাও অনেক খুশি
সরকারী চাকুরিটা হয়েছে খোকার।
হয়ে গেলো বিদায়ের বিকাল
আমি ও সে হেটে যাই নদীর ঘাটে—
মাঝি এসে দাঁড়ায় নৌকা নিয়ে
হুড়মুড় করে ওঠে যাত্রী
উঠে পড়ে সে
একা গল্প নিয়ে ফিরে আসি আমি।
অনেক স্মৃতি, অনেক কথা
সারারাত ফুটে আর মিলিয়ে যায়.....

—ঃ*ঃ—

*With Best Complements from-*

# HALDIA INSTITUTE OF HEALTH SCIENCES

H A L D I A

PLEASE CONTACT FOR ADMISSION

**HALDIA INSTITUTE OF HEALTH SCIENCES**

ICARE Complex, P.O.-Hatiberia, Haldia,
Purba Medinipur, PIN-721657
Phone : 03224-255968, 9932268003,
9046117089, 9733684544



## COURSES OFFERED

**BACHELOR OF PHYSIOTHERAPY (B.P.T.)**

Affiliated to The West Bengal University of Health Sciences, Kolkata.

*Recognised by-*

Indian Association of Physiotherapists (I.A.P.)
Directorate of Medical Education (DME)
Swasthya Bhawan Govt. of W.B.

**Course Duration :** $4\frac{1}{2}$ Yrs, including 6 months Internship.

**Intake Capacity :** 40 students.
(20 students from W.B.J.E.E. [JENPARH] & 20 students through Direct Admission)

**Eligibility :** 10+2 with Physics, Chemistry & Biology

**Course Fees :** For Direct Admission-Rs. 18000/- Semester (total 8 semesters)
Joint Rank Holders-Rs. 50% discount on Tuition fees.

**BACHELOR OF MEDICAL LABORATORY TECHNOLOGY (B.M.L.T.)**

Affiliated to the Vidyasagar University, Paschim Medinipur

Recognised by Directorate of Medical Education (DME), Swasthya Bhawan Govt. of W.B.

**Course Duration :** 3 years and Internship period of 6 months.

**Intake Capacity :** 40 students (Direct Admission)

**Eligibility :** 10+2 with Physics, Chemistry & Biology

**SALIENT FEATURES :** Anatomy dissection is shown at Anatomy Dept. of ICARE Institute of Medical Sciences & Research.

The college is running with its own clinical facilities. Students also visit District Hospital and Sub Divisional Hospital for their practical classes.

Internship of the students of both B.P.T. and B.M.LT are done at SSKM Hospital, National Medical College, R.G. Kar Medical College, Institute of Tropical Medicine & N.R.S. Medical College etc.

Attached with own 300 bedded centrally A.C. Hospital, run by ICARE.

Excellent Library and Internet facilities.

Seperate (high security & 24 hrs generator) girls' Hostel.

Minority scholarship is available.

প্রীতি ও শুভেচ্ছায়...

# ডাঃ দেবাশীষ সামন্ত

এম.বি.বি.এস. (কোল), ডি. অর্থো (কোল), ডব্লু. বি. এইচ. এস.
এক্স-অর্থোপেডিত সার্জেন অফ্ মেডিক্যাল কলেজ এণ্ড হস্পিটাল (কোল)


অর্থোপেডিক সার্জেন, এগরা এস.ডি. হাসপাতাল







## অস্থিরোগ বিশেষজ্ঞ ও সার্জেন



চেম্বার- বাজকুল

কিসমত বাজকুল ঃঃ পূর্ব মেদিনীপুর

# ভারতের জনগণনা-২০১১

## কিছু প্রয়োজনীয় পরিসংখ্যান

### একনজরে পরিসংখ্যান ভারত ও পশ্চিমবঙ্গ

| | | ভারত | পশ্চিমবঙ্গ |
|---|---|---|---|
| জনসংখ্যা ঃ | জন | ১,২১,০১,৯৩,৪২২ | ৯,১৩,৪৭,৭৩৬ |
| | পুরুষ | ৬২,৩৭,২৪,২৪৮ | ৪,৬৯,২৭,৩৮৯ |
| | নারী | ৫৮,৬৪,৬৯,১৭৪ | ৪,৪৪,২০,৩৪৭ |
| দশ বছরে জনসংখ্যা বৃদ্ধি, ২০০১-২০১১ (আসল) | | | |
| | জন | ১৮,১৪,৫৫,৯৮৬ | ১,১১,৭১,৫৩৯ |
| | পুরুষ | ৯,১৫,০১,১৫৮ | ৫৪,৬১,৪০৪ |
| | নারী | ৮,৯৯,৫৪,৮২৮ | ৫৭,১০,১৩৫ |
| দশ বছরে জনসংখ্যা বৃদ্ধি, ২০০১-২০১১ (শতকরা) | | | |
| | জন | ১৭.৬৪ | ১৩.৯৩ |
| | পুরুষ | ১৭.১৯ | ১৩.১৭ |
| | নারী | ১৮.১২ | ১৪.৭৫ |
| জনঘনত্ব (প্রতি বর্গকিমি) | | ৩৮২ | ১,০২৯ |
| লিঙ্গ অনুপাত (প্রতি ১০০০ পুরুষে নারীর সংখ্যা) | | ৯৪০ | ৯৪৭ |
| ০-৬ বছর বয়সিদের সংখ্যা (আসল) | | | |
| | জন | ১৫,৮৭,৮৯,২৮৭ | ১,০১,১২,৫৯৯ |
| | পুরুষ | ৮,২৯,৫২,১৩৫ | ৫১,৮৭,২৬৪ |
| | নারী | ৭,৫৮,৩৭,১৫২ | ৪৯,২৫,৩৩৫ |
| ০-৬ বছর বয়সিদের সংখ্যা (মোট জনসংখ্যার শতকরা ভাগ) | | | |
| | জন | ১৩.১২ | ১১.০৭ |
| | পুরুষ | ১৩.৩০ | ১১.০৫ |
| | নারী | ১২.৯৩ | ১১.০৯ |
| সাক্ষর (আসল) | জন | ৭৭,৮৪,৫৪,১২০ | ৬,২৬,১৪,৫৫৬ |
| | পুরুষ | ৪৪,৪২,০৩,৭৬২ | ৩,৪৫,০৮,১৫৯ |
| | নারী | ৩৩,৪২,৫০,৩৫৮ | ২,৮১,০৬,৩৯৭ |
| সাক্ষরতা হার ঃ | জন | ৭৪.০৪ | ৭৭.০৮ |
| | পুরুষ | ৮২.১৪ | ৮২.৬৭ |
| | নারী | ৬৫.৪৬ | ৭১.১৬ |

## পশ্চিমবঙ্গের জনগণনা-২০১১

একনজরে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার বর্গক্ষেত্র, জনসংখ্যা, জনসংখ্যার বৃদ্ধি-হার ও জনঘনত্ব

| ক্র. নং | জেলা | বর্গক্ষেত্র বর্গকিমি হিসাবে | জনসংখ্যা-২০০১ | | | জনসংখ্যা-২০১১ | | | একদশকে বৃদ্ধি হার % | | জনঘনত্ব / প্রতি বর্গকিমি | | লিঙ্গ অনুপাত | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | জন | পুরুষ | নারী | জন | পুরুষ | নারী | ১৯৯১- | ২০০১- | ২০০১ | ২০১১ | ২০০১ | ২০১১ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | পঃ বঙ্গ | ৮৮,৭৫২ | ৮০১৭৬১৯৭ | ৪১৪৬৫৯৮৫ | ৩৮৭১০২১২ | ৯১৩৪৭৭৩৬ | ৪৬৯২৭৩৮৯ | ৪৪৪২০৩৪৭ | ১৭.৭৭ | ১৩.৯৩ | ৯০৩ | ১০২৯ | ৯৩৪ | ৯৪৭ |
| ১ | দার্জিলিং | ৩১৪৯ | ১৬০৯১৭২ | ৮৩০৬৪৪ | ৭৭৮৫২৮ | ১৮৪২০৩৪ | ৯৩৪৭৯৬ | ৯০৭২৩৮ | ২৩.৭৯ | ১৪.৪৭ | ৫১১ | ৫৮৫ | ৯৩৭ | ৯৭১ |
| ২ | জলপাইগুড়ি | ৬২২৭ | ৩৪০১১৭৩ | ১৭৫১১৪৫ | ১৬৫০০২৮ | ৩৮৬৯৬৭৫ | ১৯৮০০৬৮ | ১৮৮৯৬০৭ | ২১.৪৫ | ১৩.৭৭ | ৫৪৬ | ৬২১ | ৯৪২ | ৯৫৪ |
| ৩ | কোচবিহার | ৩৩৮৭ | ২৪৭৯১৫৫ | ১২৭২০৯৪ | ১২০৭০৬১ | ২৮২২৭৮০ | ১৪৫৩৫৯০ | ১৩৬৯১৯০ | ১৪.১৯ | ১৩.৮৬ | ৭৩২ | ৮৩৩ | ৯৪৯ | ৯৪২ |
| ৪ | উঃ দিনাজপুর | ৩১৪০ | ২৪৪১৭৯৪ | ১২৫৯৭৩৭ | ১১৮২০৫৭ | ৩০০০৮৪৯ | ১৫৫০২১৯ | ১৪৫০৬৩০ | ২৮.৭২ | ২২.৯০ | ৭৭৮ | ৯৫৬ | ৯৩৮ | ৯৩৬ |
| ৫ | দঃ দিনাজপুর | ২২১৯ | ১৫০৩১৭৮ | ৭৭০৩৩৫ | ৭৩২৮৪৩ | ১৬৭০৯৩১ | ৮৫৫১০৪ | ৮১৫৮২৭ | ২২.১৫ | ১১.১৬ | ৬৬৭ | ৭৫৩ | ৯৫১ | ৯৫৪ |
| ৬ | মালদহ | ৩৭৩৩ | ৩২৯০৪৬৮ | ১৬৮৯৪০৬ | ১৬০১০৬২ | ৩৯৯৭৯৭০ | ২০৬১৫৯৩ | ১৯৩৬৩৭৭ | ২৪.৭৮ | ২১.৫০ | ৮৮১ | ১০৭১ | ৯৪৮ | ৯৩৯ |
| ৭ | মুর্শিদাবাদ | ৫৩২৪ | ৫৮৬৬৫৬৯ | ৩০০৫০০০ | ২৮৬১৫৬৯ | ৭১০২৪৩০ | ৩৬২৯৫৯৫ | ৩৪৭২৮৩৫ | ২৩.৭৬ | ২১.০৭ | ১১০২ | ১৩০৩৪ | ৯৫২ | ৯৫৭ |
| ৮ | বীরভূম | ৪৫৪৫ | ৩০১৫৪২২ | ১৫৪৬৬৩৩ | ১৪৬৮৭৮৯ | ৩৫০২৩৮৭ | ১৭৯১০১৭ | ১৭১১৩৭০ | ১৭.৯৯ | ১৬.১৫ | ৬৬৩ | ৭৭১ | ৯৫০ | ৯৫৬ |
| ৯ | বর্ধমান | ৭০২৪ | ৬৮৯৫৫১৪ | ৩৫৬৮৩৭৬ | ৩৩০৭১৩৮ | ৭৭২৩৬৬৩ | ৩৯৭৫৩৫৬ | ৩৭৪৮৩০৭ | ১৩.৯৬ | ১২.০১ | ৯৮২ | ১১০০ | ৯২২ | ৯৪৩ |
| ১০ | নদীয়া | ৩৯২৭ | ৪৬০৪৮২৭ | ২৩৬৬৮৫৩ | ২২৩৭৯৭৪ | ৫১৬৮৪৮৮ | ২৬৫৫০৫৬ | ২৫১৩৪৩২ | ১৯.৫৪ | ১২.২৪ | ১১৭৩ | ১৩১৬ | ৯৪৬ | ৯৪৭ |
| ১১ | উঃ ২৪পরগণা | ৪০৯৪ | ৮৯৩৪২৮৬ | ৪৬৩৮৭৭৬ | ৪২৯৫৫৩০ | ১০০৮২৮৫২ | ৫১৭২১৩৮ | ৪৯১০৭১৪ | ১২.৬৯ | ১২.৮৬ | ২১৮২ | ২৪৬৩ | ৯২৬ | ৯৪৯ |
| ১২ | হুগলী | ৩১৪৯ | ৫০৪১৯৭৬ | ২৫৮৯৬২৫ | ২৪৫২৩৫১ | ৫৫২০৩৮৯ | ২৮১৯১০০ | ২৭০১২৮৯ | ১৫.৭৭ | ৯.৪৯ | ১৬০১ | ১৭৫৩ | ৯৪৭ | ৯৫৮ |
| ১৩ | বাঁকুড়া | ৬৮৮২ | ৩১৯২৬৯৫ | ১৬৩৬০০২ | ১৫৫৬৬৯৩ | ৩৫৯৬২৯২ | ১৮৪০৫০৪ | ১৭৫৫৭৬৮ | ১৩.৮২ | ১২.৬৪ | ৪৬৪ | ৫২৩ | ৯৫২ | ৯৫৪ |
| ১৪ | পুরুলিয়া | ৬২৫৯ | ২৫৩৬৫১৬ | ১২৯৮০৭৮ | ১২৩৮৪৩৮ | ২৯২৭৯৬৫ | ১৪৯৭৬৫৬ | ১৪৩০৩০৯ | ১৪.০২ | ১৫.৪৩ | ৪০৫ | ৪৬৮ | ৯৫৪ | ৯৫৫ |
| ১৫ | হাওড়া | ১৪৬৭ | ৪২৭৩০৯৯ | ২২৪১৮৯৮ | ২০৩১২০১ | ৪৮৪১৬৩৮ | ২৫০২৪৫৩ | ২৩৩৯১৮৫ | ১৪.৫৭ | ১৩.৩১ | ২৯১৩ | ৩৩০০ | ৯০৬ | ৯৩৫ |
| ১৬ | কোলকাতা | ১৮৫ | ৪৫৭২৬৭৬ | ২৫০০০৪০ | ২০৭২৮৩৬ | ৪৪৮৬৬৭৯ | ২৩৬২৬৬২ | ২১২৪০১৭ | ৩.৯৩ | -১.৮৮ | ২৪৭১৮ | ২৪২৫২ | ৮২৯ | ৮৯৯ |
| ১৭ | দঃ ২৪পরগণা | ৯৯৬০ | ৬৯০৬৬৮৯ | ৩৫৬৪৯৯৩ | ৩৩৪১৬৯৬ | ৮১৫৩১৭৬ | ৪১৮২৭৫৮ | ৩৯৭০৪১৮ | ২০.৮৫ | ১৮.০৫ | ৬৯৩ | ৮১৯ | ৯৩৭ | ৯৪৯ |
| ১৮ | পঃ মেদিনীপুর | ৯৩৪৫ | ৫১৯৩৪১১ | ২৬৪৮০৪৮ | ২৪৪৫৩৩৬ | ৫৯৪৩৩০০ | ৩০৩২৬৩০ | ২৯১০৬৭০ | ১৫.৭৬ | ১৪.৪৪ | ৫৫৬ | ৬৩৬ | ৯৬১ | ৯৬০ |
| ১৯ | পূর্ব মেদিনীপুর | ৪৭৩৬ | ৪৪১৭৩৭৭ | ২২৬৮৩২২ | ২১৪৯০৫৫ | ৫০৯৪২৩৮ | ২৬৩১০৯৪ | ২৪৬৩১৪৪ | ১৪.৮৭ | ১৫.৩২ | ৯৩৩ | ১০৭৬ | ৯৪৭ | ৯৩৬ |

*২০০১ সালের পর মেদিনীপুর জেলা পূর্ব ও পশ্চিম মেদিনীপুরে ভাগ হয়ে যাওয়ার ফলে ২০০১ সালে মেদিনীপুর জেলার অবস্থানগত পরিবর্তন হয়েছে।

তথ্য সংগ্রহ : স্বরাজ কুমার করণ :: উৎস : যোজনা-২০১১

*মিলন মেলা ও প্রদর্শনীর সার্বিক সাফল্য কামনা করি—*

সার্বিক গ্রামোন্নয়নের লক্ষ্যে আপামর জনসাধারণের সর্বাঙ্গীন সহযোগিতা কামনা করি—

# ভগবানপুর গ্রাম পঞ্চায়েত কার্য্যালয়

ভগবানপুর • পূর্ব মেদিনীপুর • পিন-৭২১৬০১

১। গ্রাম সংসদ সভায় আপনার অংশগ্রহণ, গ্রাম বিকাশকে ত্বরান্বিত করুক।

২। রোগ প্রতিষেধক অভিযান সফল ও শৌচাগার স্থাপন করে আপনার পরিবারকে রোগমুক্ত করে তুলুন।

৩। পঞ্চায়েত এলাকার বিদ্যালয়, রাস্তাঘাট, নলকূপ ইত্যাদি আপনার সম্পত্তি, এর রক্ষণাবেক্ষণে আপনার লাভ, উদাসীনতায় আপনারই ক্ষতি।

৪। আমাদের সামাজিক চেতনার বিকাশের পদক্ষেপ ঈশ্বরচন্দ্র জনচেতনা।

৫। কোন শিশু জন্মালে ২১ দিনের মধ্যে এবং কারোর মৃত্যুতে ১৪ দিনের মধ্যে পঞ্চায়েত থেকে সার্টিফিকেট নিন।

৬। আপনার প্রদেয় কর নিয়মিত দিয়ে সহযোগিতা করুন।

৭। পূর্ব মেদিনীপুর জেলা নির্মল জেলা হিসেবে চিহ্নিত হয়েছে, একে ধরে রাখার দায়িত্ব আপনার।

৮। MGNREGS প্রকল্পের মাধ্যমে এলাকার রাস্তাঘাট উন্নয়ন ও ব্যক্তিগত পুকুর সংস্কারের মাধ্যমে এলাকার স্থায়ী সম্পদ সৃষ্টি এবং সাধারণ মানুষের পরিষেবা দেওয়া আমাদের লক্ষ্য।

*"উন্নয়ন যখন মোদের লক্ষ্য—*
*দূর্নীতিহীন প্রশাসনেই মুক্ত মোদের বক্ষ !"*

ধন্যবাদসহ—

| | |
|---|---|
| *সেক রেজাক* | *উমা ভুঞ্যা* |
| *উপ-প্রধান* | *প্রধান* |
| ভগবানপুর গ্রাম পঞ্চায়েত | ভগবানপুর গ্রাম পঞ্চায়েত |

এবং সকল কর্মচারীবৃন্দ

ভগবানপুর গ্রাম পঞ্চায়েত

# মহম্মদপুর-১ গ্রাম পঞ্চায়েত

ভগবানপুর-১ ব্লক ✦ জেলা-পূর্ব মেদিনীপুর

## আমাদের লক্ষ্য—

১। ১০০ দিনের কাজে কর্ম সংস্থান ও স্থায়ী সম্পদ সৃষ্টি।

২। সকলের জন্য আবাসন।

৩। সকলের জন্য শিক্ষা।

৪। সকলের জন্য সুস্বাস্থ্য।

৫। নির্মল গ্রাম গঠন।

৬। গণবন্টনের সঠিক রূপায়ন।

৭। কৃষির অগ্রগতিতে প্রয়োজনীয় পদক্ষেপ।

৮। সামাজিক সহায়তা কর্মসূচীর সঠিক পদক্ষেপ।

৯। দূষণ রোধে সঠিক পদক্ষেপ।

১০। শিল্পের প্রসার ও যোগাযোগ ব্যবস্থার উন্নতি।

শ্রী কালিপদ সামন্ত
*নির্বাহী সহায়ক*
মহম্মদপুর-১ গ্রাম পঞ্চায়েত

শ্রীমতী অপর্ণা প্রধান
*প্রধান*
মহম্মদপুর-১ গ্রাম পঞ্চায়েত

# খাদ্য শৃঙ্খলে আর্সেনিক

■ ড. নিখর রঞ্জন মধু-অধ্যাপক,
বাজকুল মিলনী মহাবিদ্যালয়

আমাদের এই প্রিয় পৃথিবীর তিনভাগের দুইভাগ জল হলে শতকরা ৯০ ভাগ জল পানের যোগ্য নয়। অর্থাৎ সেই জল খনিজ সমৃদ্ধ অথবা দূষিত। পানের যোগ্য জল (লবণমুক্ত) জলের ধর্ম হল তাতে স্বাদ নেই, গন্ধ নেই, নেই বর্ণও। কিন্তু মুশকিল হল আগেকার এই সূত্র মেনে এখন আর পানের যোগ্য বিশুদ্ধজল পাওয়া যায় না। বিশুদ্ধ জলের জন্য আমাদের আরোও কয়েকটি বিষয় দেখতে হয়। সেগুলি হল ঐ জলে জীবাণু বা কোন ক্ষতিকর রাসায়নিক বস্তু আছে কিনা। খালি চোখে এদের অস্তিত্ব, সহনশীল মাত্রা, বিপজ্জনক মাত্রা কিছুই বোঝা যায় না। এই ধরণের অদৃশ্য এক রাসায়নিক দূষণ। আরোও বিশদভাবে আলোচনার পূর্বে এই মৌলটির সম্পর্কে কিছু তথ্য আলোচনা করা যাক।

আর্সেনিকের রাসায়নিক প্রতীক হল As , পারমানবিক গুরুত্ব 74.92, পরমাণু ক্রমাঙ্ক 33, পর্যায় সারণীর 15 নম্বর (পুরানো V-B) গ্রুপে ফসফরাসের ঠিক নীচেই এর অবস্থান। আর্সেনিক মৌলটি তামা (Cu), লোহা (Fe) বা সীসা (Pb), এর মতো পুরোপুরি ধাতু (metal) নয় আবার অঙ্গার (C) গন্ধক (S) বা ফসফরাসের (P)-এর মতো পুরোপুরি অধাতুও নয়। প্রকৃতিতে আর্সেনিকের তিনটি রূপভেদ বা allotropic modifications আছে। এগুলো হলো- ধূসর বা grey আর্সেনিক, পীত বা Yellow আর্সেনিক এবং কালো বা Black আর্সেনিক। পীত আর্সেনিক বিষাক্ত, কিন্তু অন্যদুটি রূপভেদ বিষাক্ত নয়। আর্সেনিকের দুই স্তরের যোজ্যতা বা Valency দেখা যায় (As-III এবং AsV)।

আর্সেনিকের তিন যোজ্যতা বিশিষ্ট যৌগটি পাঁচ যোজ্যতা বিশিষ্ট যৌগ থেকে বেশী বিষাক্ত। যেমন আর্সেনিক ট্রাই অক্সাইড ($As_2O_3$), আর্সেনিক পেন্টা অক্সাইড ($As_2O_5$) থেকে বেশী বিষাক্ত। আর্সেনাস অ্যাসিড ($H_2AsO_3$) আর্সেনিক অ্যাসিড ($H_3AsO_4$) থেকে বেশী বিষাক্ত। আবার আর্সেনিকের অজৈব যৌগ, আর্সেনিকের জৈব যৌগ থেকে বেশী বিষাক্ত। আর্সেনিকের অজৈব যৌগকে বিষের রাজা (King of Poisons) বলা হয়। আর্সেনিকের প্রধান তিনটি খনিজ (Ore) হলো—রিয়েলগার ($As_2s_2$), অর্পিমেন্ট ($As_2S_3$) এবং আর্সেনোপাইরাইট (FeAsS)।

বহু প্রাচীনকাল থেকেই আর্সেনিকের বিষক্রিয়ার ফলে ভাস্করশিল্পের দেবতা হেফাস্টাস পঙ্গু হয়ে গিয়েছিলেন। ভিক্টোরিয় যুগে অর্থাৎ উনবিংশ শতাব্দীর মধ্যভাগ থেকে সৌন্দর্য বিলাশী মহিলারা তাদের গায়ের রং ফর্সা করার জন্য আর্সেনিক ট্রাই অক্সাই ($As_2O_3$) পাউডারকে জলে গুলে লেই বানিয়ে হাতে, পায়ে, মুখে ও গায়ে মাখতেন। এতে তাদের গায়ের রং কিছুটা ফর্সা হতো বটে, কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই ফর্সা হওয়াটা ছিল একটি রোগের লক্ষণ মাত্র—যা তাঁরা জানতেন না। এই রোগটির নাম আর্সেনিকোসিস (Arsenicosis)। আর্সেনিক প্রথম দিকে ত্বকের রং তৈরীর কোষকে উত্তেজিত করে, এবং পরে সেই জায়গার কালো-সাদা ছিট ছিট হয়ে যায়। তারপরে সেই জায়গায় গুটিগুটি হয়ে যায় বা তারপরে ঘা হয়ে ক্যানসার হয়ে যেতে পারে।

প্রসঙ্গত বলা যায়, এ যুগের সৌন্দর্য বিলাসী মেয়েরাও না জেনে এমন সব প্রসাধন সামগ্রী ব্যবহার করেন যার পরিণতি মোটেই সুখকর নয়। আমাদের দেশের বিভিন্ন কোম্পানীর তৈরী ২৬টি গায়ে মাখা সাবান ও ডিটারজেন্টের প্রতি কিলোগ্রামে দুই থেকে পাঁচ মিলিগ্রাম আর্সেনিকের উপস্থিতি ধরা পড়েছে। ব্যপারটি মোটেই হেলাফেলার নয়।

রাজা-মহারাজাদের যুগে আর্সেনিক ট্রাই-অক্সাইড নামের বিষাক্ত যৌগটির ফ্যাসনেবল মার্ডার ইউপেন হিসাবেও বেশ কদর ছিল। যৌগটি স্বাদহীন, বর্ণহীন এবং গন্ধহীন হওয়াতে তাকে খাবারের সাথে মিশিয়ে সেই খাবারে পরিবেশনে কোন অসুবিধা নেই। তাই অপছন্দের জনকে নীরবে ধরা থেকে সরিয়ে দিতে তার জুড়ি মেলা ছিল ভার। এমনকি সে যুগে 'কাউন্সিল অবটেন' নামের একটি গোপন সংস্থা গড়ে উঠেছিল, যারা অর্থের বিনিময়ে ঘাতকের এই কাজটি করে দিত।

১৯৮২ সালে বেনভাইডার এবং ডেভিড হ্যাপগুডের বই 'দি মার্ডার অফ নেপোলিয়ন' বর্ণনায় জানা যায় নেপোলিয়নের মাথার চুলে বর্ধিত আর্সেনিকের উপস্থিতি রয়েছে। ইংরেজদের হাতে বন্দি ফরাসী সম্রাট নেপোলিয়ান বোনাপার্ট সেন্ট হেলেনা দ্বীপের এক নির্জন ঘরে বন্দী অবস্থায় ছিলেন। সম্রাটের কারাকক্ষের দেওয়ালে সবুজ রংয়ের একটি প্রলেপ ছিল। পরে জানা যায় ঐ সবুজ রংটির নাম কপার আর্সেনেট, যার সাধারণ নাম শিলিজগ্রীন সমুদ্রের ভিজে বাতাসের সংস্পর্শে এক ধরনের ছত্রাক জৈব রাসায়নিক বিক্রিয়ায় কপার আর্সেনেট যৌগটিকে আর্সেনিক অ্যালকিল যৌগ রূপান্তরিত করে। আর্সেনিক আলকিল ঘটিত যৌগটি বায়বীয় এবং বিষাক্ত।

পশ্চিমবঙ্গে ১৯৬৫ সালে উত্তর ২৪ পরগণার অশোকনগরে এমন পরিবারের সন্ধান মেলে, যে পরিবারের মা-বাবা ও এক মেয়ে ক্যানসারে মারা যান। পরিবারের অন্যদের গায়ে তখনও কালো ছিট ও গুটি দানা ছিল। এই লক্ষণগুলি আর্সেনিক দূষণের মত হলেও তা মেনে নেয়া যায়নি। ১৯৮২ সালের জুলাই মাসে কলকাতার স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিনের চর্ম রোগ বিভাগের এমন একজন রোগী আসেন যার ত্বকের উপসর্গগুলির আর্সেনিকোসিসের লক্ষণের সঙ্গে মিল ছিল। বিশেষজ্ঞ চিকিৎসক এই সূত্র ধরে সেই গ্রামের জল পরীক্ষা করে দেখেন এবং সেখানকার নলকূপের জলে আর্সেনিকের ভাগ প্রতিলিটারে 0.05 মিলিগ্রাম যাহা সহনশীলতার উচ্চসীমার 5গুন। WHO-র বর্তমান নির্ধারিত মানদন্ড অনুযায়ী আর্সেনিকের সহনীয় মাত্রা প্রতিলিটার পানীয় জলে 0.01 মিলিগ্রাম ধরা হয়েছে।

বিংশ শতাব্দীর সত্তরের দশকের শেষ ধাপ থেকে আর্সেনিক এক ভীতপ্রদ নাম হয়ে উঠেছে। প্রতিবেশী বাংলাদেশ ও আমাদের পশ্চিমবঙ্গ তথা গাঙ্গেয়, ব্রহ্মপুত্র ও মেঘনা উপত্যকার বিস্তীর্ণ এলাকাসহ ভারতের আরোও অনেক স্থানের প্রায় পাঁচ লক্ষ বর্গ কিলোমিটার অঞ্চলের প্রায় পঞ্চাশ কোটি অধিবাসী আর্সেনিক বিষের ছোঁয়ায় দিশেহারা হয়ে উঠেছে।

যতই দিন যাচ্ছে, ভূ-গর্ভস্থ জলে আর্সেনিকের পরিমাণ যেন ততই বৃদ্ধি পাচ্ছে। শুধু জল পানের মাধ্যমেই যে বিষাক্ত আর্সেনিক আমাদের শরীরে প্রবেশ করছে, তা কিন্তু নয়, কৃষিকার্যে ব্যবহৃত ভূ-গর্ভস্থ সেচের জলের মাধ্যমেও এই বিষক্রিয়া আমাদের খাদ্য শৃঙ্খলে ঢুকে পড়ে, খাদ্যের মাধ্যমে তা শরীরে প্রবেশ করে মারাত্মক সব প্রতিক্রিয়ার সৃষ্টি করে।

শরীরে প্রবেশ করার পর আর্সেনিকের বিষক্রিয়ার প্রকাশ পেতে ২-৩ বছর সময় লাগে। প্রথমে হাত পায়ে গুটি গুটি ছাপ, চর্ম ক্যানসার লক্ষণ প্রকাশ পেতে থাকে। পরের দিকে বমি, পায়খানা ও পেট ব্যাথা হয়। আর্সেনিকের বিষক্রিয়ায় স্নায়ুতন্ত্রকে ধীরে ধীরে বিকল করে দেয়। বৃক্ক, যকৃৎ, ফুসফুস, পাকস্থলী, জরায়ু, মুত্রগ্রন্থী ইত্যাদির মারাত্মক ক্ষতিগ্রস্ত হয়। বয়স্কদের তুলনায় শিশু ও যুবক-যুবতী সহজেই আর্সেনিকের বিষক্রিয়ায় আক্রান্ত হয়।

বিংশ শতাব্দীর শেষ দিকে যেন আর্সেনিকের উৎপাত যেন আরো বৃদ্ধি পেল এবং এর কারণ বিশ্লেষণ করা ভীষণ জরুরী। এই উৎপাতের কারণ ব্যাখ্যা করতে গিয়ে অনেকেই মনে করেন, বিশ্বের জনসংখ্যার লাগামহীন

সুতরাং ক্রমবর্ধমান জনগণের খাদ্য-শস্যের উৎপাদন বৃদ্ধি জরুরী হয়ে পড়েছে। খাদ্য শস্যের উৎপাদন বৃদ্ধির দুটি উপাদান হলো—সার ও জল। সারের আলোচনা এই নিবন্ধের বিষয় নয়। ভূ-গর্ভস্থ জল ব্যাপক পরিমাণে তুলে এনে পানীয় জল এবং কৃষিকাজে সেচের জল হিসাবে ব্যবহার করা হচ্ছে। ভূ-গর্ভের জল ব্যাপক হারে উত্তোলনের ফলে ভূ-গর্ভের জলস্তর স্বাভাবিকভাবে কোন কোন স্থানে নীচে নেমে যায়। ফলে সেই স্থানের আর্সেনিকের খনিজ (পাইরাইট, আর্সেনোপাইরাইট) সরাসরি ভূ-গর্ভে সঞ্চিত বায়ুর সংস্পর্শে আসে। খনিজ আর্সেনিকের সাথে বায়ুমণ্ডলের অক্সিজেনের বিক্রিয়ার ফলে আর্সেনিক ট্রাই অক্সাইড, আর্সেনাস / আর্সেনিক ইত্যাদি বিষাক্ত যৌগগুলো তৈরী হয়। এই যৌগগুলি জলে দ্রবণীয়। এই বিষাক্ত আর্সেনিক মিশ্রিত জল পানীয় বা সেচের জল হিসাবে ব্যবহার করলে তা আমাদের শরীরে প্রবেশ করে।

আর্সেনিক বৃদ্ধির আরেকটি সম্ভাব্য দিক হলো বিশ্বজুড়ে সাবান ও ডিটারজেন্টের ব্যবহার হঠাৎ করে বহুগুণে বৃদ্ধি পেয়েছে। এই সাবান ও ডিটারজেন্টে আর্সেনিকের উপস্থিতির কথা আগেই বলা হয়েছে। সাবান বা ডিটারজেন্টের জল নালা, নর্দমা, খালে গিয়ে সঞ্চিত হয়। উপযুক্ত পরিবেশে একধরনের ব্যাকটেরিয়া (Sulphate Reduceing Bacteria) জৈব রাসায়নিক প্রক্রিয়ায় সাবান বা ডিটারজেন্টের জলকে ভেঙ্গে দিয়ে আর্সেনিক মুক্ত করে। জলে দ্রবণীয় এই আর্সেনিক জল চুঁইয়ে চুঁইয়ে ভূ-গর্ভের জলে গিয়ে মেশে যা অগভীর নলকূপের মাধ্যমে আমাদের খাদ্য-শৃঙ্খলে বা সরাসরি আমাদের শরীরে প্রবেশ করে।

জল আর্সেনিক মুক্ত করা বেশ জটিল ব্যাপার। জারণস্তরের পদ্ধতি মেনে যেমন—ক্লোরিন, ওজোন, পটাশিয়াম পার-ম্যাঙ্গানেট, প্রভৃতি জারক পদার্থের সাথে বিক্রিয়ার পর ফটকিরি তঞ্চন করা হলে অনেকটাই আর্সেনিক দুর করা সম্ভব। আরোও কিছু পদ্ধতির সাহায্যে জল থেকে আর্সেনিক অপসারণ করা যেতে পারে। পদ্ধতিগুলো হলো সমঅবক্ষেপিত বিক্রি, আয়ন প্রতিস্থাপন, সক্রিয়কৃত অ্যালুমিনা প্রভৃতি। তাছাড়া কিছু দেশীয় পদ্ধতির সাহায্যে জল থেকে আর্সেনিক অপসারণের প্রচেষ্টা চালানো হচ্ছে।

পরিশেষে বলতে হয়, আর্সেনিকের বিষক্রিয়ার হাত থেকে রেহাই পেতে হলে জনসংখ্যা বিস্ফোরণের বিপক্ষে আমাদের দৃঢ় পদক্ষেপ নিতে হবে। জনসংখ্যা বৃদ্ধির চাপ রোধ করে ভূ-গর্ভের জলের উপর আমাদের নির্ভরতা ধীরে ধীরে কমাতে হবে। অন্যথায় ভবিষ্যতে বিপদ আরোও তীব্রতর হবে।

—ঃ ✻ ঃ—

"টাকায় কিছুই হয় না, নামেও হয় না, যশে ও হয় না, বিদ্যায় ও কিছু হয় না, ভালবাসায় সব হয়— চরিত্রই বাধাবিঘ্নের বজ্র দৃঢ় প্রাচীরের মধ্য দিয়ে পথ করে নিতে পারে"

■ স্বামী বিবেকানন্দ

Ph. : (03220) 202 822

# Garbari-II Gram Panchayat

**Bhagwanpur-II Panchayat Samity**
P.O.-Garhbari • P.S.-Bhupatinagar
Dist.-Purba Medinipur • PIN-721626
E-mail : garbariiigp@gmail.com :: Website : garbari-2.in

**মিলন মেলা ও প্রদর্শনীর সার্বিক সাফল্য কামনা করি— ২০১৩**

"শান্তি, প্রগতি, ন্যায় বিচার, সংহতি, সমদর্শিতার নিরিখে জনগণের সার্বিক উন্নয়নই এই গ্রাম পঞ্চায়েতের আদর্শ"

*জনগণকে সাথী করে দায়বদ্ধতা, দক্ষতা, সততা ও স্বচ্ছতার সঙ্গে আমাদের গ্রাম পঞ্চায়েত এলাকার সার্বিক উন্নয়নের স্বার্থে মহাত্মাগান্ধী জাতীয় কর্ম সুনিশ্চিত প্রকল্প, বনসৃজন, গ্রামীণ বিদ্যুতায়ন, অসংগঠিত শ্রমিকদের ভবিষ্যনিধি ও ভূমিহীন কৃষি শ্রমিকদের ভবিষ্যনিধি প্রকল্প, সার্বিক স্বাস্থ্য বিধান কর্মসূচী, স্বরোজগার যোজনায় স্বয়ম্ভর গোষ্ঠী গড়ে তোলার মতো উন্নয়ন প্রকল্পের কর্মসূচী রূপায়নে নিরলস প্রচেষ্টাই আমাদের ব্রত।*

শ্রীমতী বন্দনা বর্মণ
*উপ-প্রধান*
গড়বাড়ী-২ গ্রাম পঞ্চায়েত

শ্রীমতী স্মৃতিরেখা মণ্ডল
*প্রধান*
গড়বাড়ী-২ গ্রাম পঞ্চায়েত

# কামারদা গ্রাম পঞ্চায়েত

খেজুরী-১ পঞ্চায়েত সমিতি
[illegible] = খেজুরী :: পূর্ব মেদিনীপুর ঃঃ ফোন নম্বর-০৩২২০-২৮০০৩১

## [illegible] ঃ—

১। [illegible]
২। [illegible] বৃক্ষরোপণ করেছি।
৩। [illegible] ও প্রায় ৪০কিমি মোরাম রাস্তা সংস্কার করেছি।
৪। [illegible] কংক্রিট ঢালাই করা হয়েছে।
৫। [illegible] গভীর নলকূপ স্থাপন করে পঞ্চায়েত এলাকায় প্রাথমিকভাবে পানীয় জলের চাহিদা মেটানো সম্ভব হয়েছে।
৬। [illegible] APL ও BPL মিলিয়ে প্রায় ৮০ শতাংশ পরিবারকে বিদ্যুৎসংযোগ দেওয়া হয়েছে।
৭। [illegible] পরিবারকে নতুন জবকার্ড এবং ২১০০ পরিবারের জবকার্ড পুনর্ণবিকরণ করা হয়েছে।
৮। MGNREGS প্রকল্পে প্রতিটি পরিবারকে ১০০ দিন কাজ দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে।
৯। [illegible] নতুন পুকুর খনন ও প্রায় পাঁচ শতাধিক পুরাতন পুকুর সংস্কার করা হয়েছে, যা এলাকার কৃষিকাজে সহায়ক হবে।
১০। [illegible] কিমি জলনিকাশী সংস্কার করে কৃষির ভবিষ্যৎ সুরক্ষিত করা হয়েছে।
১১। এলাকার [illegible] মসজিদের ইমাম ও মোয়াজ্জিনদের ভাতা প্রদান করা হয়েছে।
১২। [illegible] সকল সংখ্যালঘু ছাত্র-ছাত্রীদের ১০০০ (এক হাজার) টাকা হিসাবে ভাতা প্রদান করা হয়েছে।
